গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
পৌর-১ শাখা
www.lgd.gov.bd

**শেখ হাসিনার মূলনীতি**
**গ্রাম শহরের উন্নতি**

নম্বর : ৪৬.০০.০০০০.০৬৩.৯৯.০৪০.২২-৪১৬

তারিখ: ২৯ ফাল্গুন ১৪২৯
১৪ মার্চ ২০২৩

## পরিপত্র

বিষয়: পৌরসভা পয়ঃবর্জ্য ও স্যানিটেশন ব্যবস্থাপনা নির্দেশিকা, ২০২৩।

পৌরসভাসমূহের অধিক্ষেত্রে স্যানিটেশন ব্যবস্থাপনা সুষ্ঠুভাবে সম্পাদনের লক্ষ্যে এ পরিপত্রের সাথে সংযুক্ত 'পৌরসভা পয়ঃবর্জ্য ও স্যানিটেশন ব্যবস্থাপনা নির্দেশিকা, ২০২৩' জারি করা হলো।

২। পৌরসভাসমূহ আগামী ৬(ছয়) মাসের মধ্যে স্থানীয় সরকার (পৌরসভা) আইন, ২০০৯ এর ধারা ১২২(১) অনুযায়ী পয়ঃবর্জ্য ও স্যানিটেশন ব্যবস্থাপনা সম্পর্কিত উপ-আইন প্রণয়নের লক্ষ্যে স্থানীয় সরকার বিভাগে প্রস্তাব প্রেরণ করবে।

৩। উল্লিখিত নির্দেশনাসমূহ যথাযথ অনুসরণ করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

১৪/০৩/২০২৩
মোঃ আব্দুর রহমান
উপসচিব
ফোন: +৮৮০২৯৫১৪১৪২
ইমেইল: lgpaura1@lgd.gov.bd

মেয়র

...................................................... পৌরসভা (সকল)

অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. সিনিয়র সচিব, অর্থ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
২. অতিরিক্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৩. অতিরিক্ত সচিব (নগর উন্নয়ন), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৪. বিভাগীয় কমিশনার, ...................................... (সকল)
৫. প্রধান প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, কাকরাইল, ঢাকা
৬. মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৭. যুগ্মসচিব (নগর উন্নয়ন-২ অধিশাখা), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৮. পরিচালক, স্থানীয় সরকার, বিভাগীয় কমিশনারের কার্যালয়, ............................(সকল)
৯. জেলা প্রশাসক, ................................................. (সকল)
১০. উপসচিব (পৌর-২), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
১১. উপ-পরিচালক, স্থানীয় সরকার, জেলা প্রশাসকের কার্যালয়, ............................(সকল)
১২. সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
১৩ প্রকল্প পরিচালক, বাংলাদেশের ৩০টি পৌরসভায় পানি সরবরাহ ও স্যানিটেশন প্রকল্প, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, ১৪, শহীদ ক্যাপ্টেন মনসুর আলী সরনি, কাকরাইল, ঢাকা-১০০০
১৪. প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (স্থানীয় সরকার বিভাগের ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)

# Part – II

# পৌরসভা পয়ঃবর্জ্য এবং স্যানিটেশন ব্যবস্থাপনা নির্দেশিকা

**(Pourashava Fecal Sludge and Sanitation Management Guideline)**

# পৌরসভা পয়ঃবর্জ্য এবং স্যানিটেশন ব্যবস্থাপনা নির্দেশিকা
# (Pourashava Fecal Sludge and Sanitation Management Guideline)

## প্রথম অধ্যায়

স্থানীয় সরকার (পৌরসভা) আইন, ২০০৯ (২০০৯ সনের ৫৮ নং আইন) এর ধারা ১১৯ এ প্রদত্ত ক্ষমতাবলে এবং পয়ঃবর্জ্য ব্যবস্থাপনার প্রাতিষ্ঠানিক এবং আইনি কাঠামো (IRF-FSM) ২০১৭, এর আলোকে পৌরসভার পয়ঃনিস্কাশন এবং বর্জ্য ব্যবস্থাপনা সুষ্ঠুভাবে পরিচালনার সুবিধার্থে নিম্নরূপ নির্দেশিকা প্রণয়ন করা হইলো, যথা:

**১। সংক্ষিপ্ত শিরোণাম ও প্রারম্ভিক প্রবর্তন:**

(১) এই নির্দেশিকা পৌরসভা পয়ঃবর্জ্য এবং স্যানিটেশন ব্যবস্থাপনা নির্দেশিকা, ২০২৩ নামে অভিহিত হইবে।

(২) ইহা পৌরসভা বিজ্ঞপ্তি দ্বারা যে তারিখে নির্ধারণ করিবে সেই তারিখে কার্যকর হইবে।

**২। সংজ্ঞা:** বিষয় বা প্রসঙ্গের পরিপন্থী কিছু না থাকিলে, এই নির্দেশিকায়-

(ক) 'পৌরসভা' অর্থ ..............................পৌরসভা।

(খ) 'ক্ষমতা প্রাপ্ত কর্মকর্তা' অর্থ এই নির্দেশিকার অধীন কার্য-সম্পাদনের জন্য পৌরসভা কর্তৃক ক্ষমতাপ্রাপ্ত পৌরসভার কোন কর্মকর্তা।

(গ) **'অনসাইট স্যানিটেশন ব্যবস্থা** (On-site Sanitation Management)' অর্থ এমন একটি স্যানিটেশন অবকাঠামো বা ব্যবস্থা, যেমন, সেপটিক ট্যাংক ব্যবস্থা, বিভিন্ন ধরণের পিট ল্যাট্রিন বা পয়ঃবর্জ্য জমা হয় এমন কোন ব্যবস্থা, যাহার মাধ্যমে কোন বাড়ি বা ভবনের টয়লেট হইতে পয়ঃবর্জ্য সংগ্রহ, মজুদ এবং অপসারণ করা হয়।

(ঘ) 'পয়ঃবর্জ্য (fecal sludge)' অর্থ সব ধরণের অনসাইট স্যানিটেশন ব্যবস্থা, যেমনঃ সেপটিক ট্যাংক, একুয়া প্রিভি, পিট ল্যাট্রিন, কমিউনিটি মাল্টিপল পিট সিস্টেম ইত্যাদি থেকে অপসারণকৃত বর্জ্য।

(ঙ) 'সেপটিক ট্যাংক' অর্থ মাটির নিচে নির্মিত সাধারণত দুই প্রকোষ্ঠ বিশিষ্ট একটি জলনিরোধী (Water tight) আধার, যেখানে বাসাবাড়ি বা অন্য কোন ভবন হইতে নির্গত পয়ঃবর্জ্য জমা হয়। এটি মূলত: পয়ঃবর্জ্যের তরল অংশ হইতে কঠিন পদার্থকে পৃথক ও মজুদ করে এবং পয়ঃবর্জ্যের জৈব অংশকে আংশিক শোধন করে।

(চ) 'সেপটেজ' অর্থ কোন সেপটিক ট্যাংক হইতে তরল বর্জ্য, ভাসমান বর্জ্য (Scum) ও তলানীতে পুঞ্জীভূত স্লাজসহ অপসারণযোগ্য সকল জমাকৃত পয়ঃবর্জ্য।

(ছ) 'তরল বর্জ্য (Liquid waste/ effluent)' অর্থ কোন অন সাইট স্যানিটেশন ব্যবস্থা বা সেপটেজ (Septage) হইতে পৃথকীকৃত তরল বর্জ্য যাহা স্রোতধারারূপে প্রবাহিত হয়।

(জ) 'পয়ঃবর্জ্য অপসারণ (Desludging)' অর্থ পৌরসভার প্রশিক্ষিত স্যানিটেশন কর্মী বা নিবন্ধিত অপারেটর দ্বারা কোন বাড়ি বা ভবনের স্যানিটেশন ব্যবস্থা হইতে নির্দিষ্ট প্রক্রিয়ার মাধ্যমে সেপটিক ট্যাংক, পিট ল্যাট্রিন, পয়ঃবর্জ্য শোধনাগার (Fecal Sludge Treatment Plant, FSTP) বা বর্জ্যপানি শোধনাগার (Wastewater/Sewage Treatment Plant) হইতে জমাকৃত বর্জ্য বা পয়ঃবর্জ্য পৌরসভা কর্তৃক নির্ধারিত স্থানে অপসারণ বা স্থানান্তর বা ফেলা (Disposal) হয়।

(ঝ) 'পয়ঃবর্জ্য ব্যবস্থাপনা সেবা (Fecal Sludge Management, FSM service)' অর্থ পৌরসভা এলাকায় পয়ঃবর্জ্য সংগ্রহ, অপসারণ, পরিবহন ও পৌরসভা কর্তৃক নির্ধারিত স্থানে পয়ঃবর্জ্য পরিশোধন, নিষ্কাশন বা ফেলা (Disposal) সংক্রান্ত প্রদত্ত সেবা।

মোঃ আব্দুর রহমান
উপসচিব
স্থানীয় সরকার বিভাগ
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়

(ঞ) 'গৃহস্থালি স্যুয়েজ (Domestic Sewage)' অর্থ অপরিশোধিত পয়ঃবর্জ্য সম্বলিত পানি, যাহা আবাসিক এবং বাণিজ্যিক উৎস হইতে আসে। গৃহস্থালির বর্জ্য পানিতে শিল্পকারখানা অথবা অন্য ক্ষতিকর বর্জ্যের মিশ্রণ থাকে না।

(ট) 'পয়ঃনিষ্কাশন ব্যবস্থা (Sewerage System)' অর্থ এমন একটি ব্যবস্থা, যাহার মাধ্যমে পয়ঃবর্জ্য পানি একটি পাইপ (Sewer) নেটওয়ার্কের মাধ্যমে সংগ্রহ করিয়া পরিশোধনাগার পর্যন্ত বহন করা হয়, এবং পরিশোধনের পরে পরিশোধিত পানি নিষ্কাশন করা হয়। ইহার মধ্যে পয়ঃবর্জ্য সংগ্রহ, পরিবহন (Conveyance) এবং বর্জ্য পাম্প করিবার মতো সকল অবকাঠামো অন্তর্ভুক্ত।

(ঠ) 'পরিবহন' অর্থ পৌরসভা কর্তৃক অনুমোদিত ভ্যাকুয়াম ট্যাংকার বা অন্য কোন পয়ঃবর্জ্য পরিবহন যাহার দ্বারা পৌরসভা কর্তৃক নির্ধারিত স্থানে পয়ঃবর্জ্য পরিবহন এবং পয়ঃনিষ্কাশন ব্যবস্থা (Sewerage System) এর ক্ষেত্রে বর্জ্য পানি (Wastewater/sewage) পাইপ (sewer) নেটওয়ার্কের মাধ্যমে পরিবহন করা হয়।

(ড) 'ব্যক্তি' অর্থ কোন একক ব্যক্তি, কোম্পানী, সংস্থা, এজেন্সি, সমিতি বা প্রতিষ্ঠানও অন্তর্ভুক্ত হইবে।

(ঢ) 'অপারেটর' অর্থ পয়ঃবর্জ্য অপসারণ (Desludging/emptying), পরিবহন Transportation), পরিশোধন (Treatment) বা নিষ্কাশন (Disposal) কাজে নিয়োজিত কোন ব্যক্তি বা প্রতিষ্ঠান।

(ণ) 'লাইসেন্সকৃত অপারেটর' অর্থ পৌরসভা কর্তৃক নির্ধারিত স্থানে পয়ঃবর্জ্য অপসারণ, পরিবহন, পরিশোধন বা নিষ্কাশনের কাজে নিয়োজিত লাইসেন্সকৃত ব্যক্তি বা প্রতিষ্ঠান।

(ত) 'লাইসেন্স' অর্থ পৌরসভা বা তৎকর্তৃক ক্ষমতাপ্রাপ্ত পৌরসভার কোন কর্মকর্তা কর্তৃক পয়ঃবর্জ্য বা সেপটেজ ব্যবস্থাপনা সেবা প্রদানের কাজে প্রদত্ত লাইসেন্স।

(থ) 'বস্তি' অর্থ পাঁচ (৫) বা ততোধিক গুচ্ছ খানা যাহা বিক্ষিপ্তভাবে, অস্বাস্থ্যকর পরিবেশে, সরকারি, আধা-সরকারি বা ব্যক্তি মালিকানাধীন খালি জমিতে গড়িয়া উঠে।

(দ) "পাবলিক টয়লেট" অর্থ জনসাধারণের ব্যবহারের জন্য, পৌরসভা কর্তৃক নির্ধারিত ফিস প্রদানের বিনিময়ে বা ফিস প্রদান ব্যতীত, পাবলিক প্লেসে পৌরসভা বা কোন ব্যক্তি বা প্রতিষ্ঠান কর্তৃক নির্ধারিত স্থানে টয়লেট ব্যবস্থা।

(ধ) "কমিউনিটি টয়লেট" অর্থ বস্তি (Slum) বা দরিদ্র কমিউনিটিতে (Low Income Community) বসবাসকারী অন্যূন্য তিন বা তাহার অধিক সংখ্যক পরিবারের ব্যবহারের জন্য যথাযথ স্যানিটেশন ব্যবস্থা ও সেপটিক ট্যাংক বা এবিআর (Anaerobic Buffle Reactor) সম্বলিত প্রয়োজনীয় সংখ্যক টয়লেট।

## দ্বিতীয় অধ্যায়

## অনসাইট স্যানিটেশন সেবা
## (On-site Sanitation Services)

**৩। অনসাইট স্যানিটেশন ব্যবস্থা:**

এই নির্দেশিকার উদ্দেশ্য পূরণকল্পে, 'অনসাইট স্যানিটেশন ব্যবস্থা' হইতেছে এমন একটি ব্যবস্থা বা প্রযুক্তি যাহা দ্বারা কোন বাড়ি বা ভবনের টয়লেটসহ স্যানিটেশন অবকাঠামো বা ব্যবস্থা, যেমন: সেপটিক ট্যাংক, বিভিন্ন ধরনের পিট ল্যাট্রিন বা পয়ঃবর্জ্য জমা হয় এমন কোন ব্যবস্থা, যেখান হইতে অন্য কোন স্থানে পয়ঃবর্জ্য অপসারণ, পরিবহন, পরিশোধন বা নিষ্কাশন করা হয়।

**৪। অনসাইট স্যানিটেশন ব্যবস্থার নকশা প্রণয়ন, নির্মাণ, রক্ষণাবেক্ষণ ইত্যাদি:**

(১) বাংলাদেশ ন্যাশনাল বিল্ডিং কোড এর বিধানাবলী এবং/অথবা পৌরসভা কর্তৃক স্বীকৃত প্রকৌশল রীতি-নীতি অনুসরণক্রমে প্রত্যেক সেপটিক ট্যাংক, সোকপিট, পিট ল্যাট্রিন ও অনসাইট স্যানিটেশন ব্যবস্থার নকশা প্রণয়নসহ পৌরসভার তালিকাভুক্ত রাজমিস্ত্রি ও প্লাম্বার দ্বারা উহা নির্মাণ ও রক্ষণাবেক্ষণ করিতে

মোঃ আব্দুর রহমান
উপসচিব
স্থানীয় সরকার বিভাগ
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়

হইবে, এবং উক্ত উদ্দেশ্যে প্রত্যেক বাড়ি বা ভবনের ল্যাট্রিনের সহিত পৃথক সোকপিট সম্বলিত সেপটিক ট্যাংক থাকিতে হইবে এবং প্রত্যেক সেপটিক ট্যাংক ও সোকপিটের আকার হইবে পৌরসভা কর্তৃক নির্ধারিত ব্যবহারকারীর সংখ্যার ভিত্তিতে।

(২) বেসরকারি আবাসিক প্রকল্পের ভূমি উন্নয়ন বিধিমালা, ২০০৪ (সংশোধিত ২০১৫) মোতাবেক অনুমোদিত Sewage Treatment Plant (STP)/ Fecal Sludge Treatment Plant (FSTP), কম্পোস্ট প্লান্ট (Compost Plant) ইত্যাদি নির্মাণের জন্য প্রয়োজনীয় পরিমাণ জমি লে-আউট প্ল্যানে থাকিতে হইবে, যাহা প্রচলিত বিধি-বিধান অনুযায়ী ক্রয় বা সমঝোতার ভিত্তিতে গ্রহণ করিয়া পৌরসভা তৈরী করিবে। পৌরসভা উক্ত প্ল্যান্ট বাস্তবায়ন না করিলে উদ্যোক্তা অন্য আগ্রহী কোন ব্যক্তি বা প্রতিষ্ঠানের নিকট উক্ত জমি হস্তান্তর করিয়া উক্ত প্লান্ট বাস্তবায়ন করিবে। উক্ত ভাবেও প্লান্ট তৈরী করা সম্ভব না হইলে উদ্যোক্তা নিজস্ব খরচে সরকারী নীতিমালা অনুযায়ী অনধিক তিন বছর সময়ের মধ্যে BOT (Build-Operate-Transfer) পদ্ধতিতে পয়ঃবর্জ্য পরিশোধনাগার (Fecal Sludge Treatment Plant, FSTP), কম্পোস্ট প্লান্ট (Compost Plant) ইত্যাদি নির্মাণের ব্যবস্থা করিয়া ও রক্ষণাবেক্ষণ করিয়া প্লট/ ফ্ল্যাট মালিক সমিতি বা পৌরসভার নিকট হস্তান্তর করিবে। পরিশোধনাগার নির্মাণের ক্ষেত্রে 'বাংলাদেশ পরিবেশ সংরক্ষণ বিধিমালা, ১৯৯৭' (Bangladesh Environment Conservation Rules, ECR, 1997) অনুসরণ করিয়া পরিশোধিত বর্জ্য পানির মান নিয়ন্ত্রণ করিতে হইবে। ফিকাল স্লাজ বা পয়ঃবর্জ্য নিরাপদে অপসারণ নিশ্চিত করিবার জন্য 'বাংলাদেশ স্লাজ ব্যবস্থাপনা মানদন্ড ও নির্দেশনা, ২০১৬' (Bangladesh Standards and Guidelines for Sludge Management, 2016) সংশ্লিষ্ট সকলকে যথাযথভাবে অনুসরণ করিতে হইবে।

(৩) সাধারণ খানার আধা-পাকা বাড়ির ক্ষেত্রে পৌরসভা অনুমোদিত নকশা অনুযায়ী স্বাস্থ্যকর টয়লেটসহ অনসাইট স্যানিটেশন ব্যবস্থার সুবিধাদি নির্মাণ করিতে হইবে।

(৪) সেপটিক ট্যাংক, পিটল্যাট্রিন ও অনসাইট স্যানিটেশন ব্যবস্থা রহিয়াছে এমন প্রত্যেক বাড়ি বা ভবনের মালিক, তত্ত্বাবধায়ক বা দখলদার উক্ত সেপটিক ট্যাংক, পিট ল্যাট্রিন ও অনসাইট স্যানিটেশন ব্যবস্থার সংরক্ষণ ও রক্ষণাবেক্ষণসহ উহা হইতে পয়ঃবর্জ্য নিরাপদে অপসারণ করিবার জন্য দায়ী থাকিবে। প্রত্যেক বাড়ির মালিক, তত্ত্বাবধায়ক বা দখলদার পৌরসভার পয়ঃবর্জ্য অপসারণ ইত্যাদি কাজে নিয়োজিত কর্মীর বাড়িতে প্রবেশ করিতে ও পয়ঃবর্জ্য অপসারণ কাজে অনুমতি প্রদান এবং নিরাপদে অপসারণ করিবার ক্ষেত্রে সহযোগিতা করিবে।

(৫) প্রত্যেক বাড়ির মালিক, তত্ত্বাবধায়ক বা দখলদার পৌরসভা কর্তৃক নির্ধারিত ফী প্রদান/ খরচ পরিশোধ সাপেক্ষে পৌরসভা কর্তৃক নির্দিষ্টকৃত সময়ের মধ্যে নিয়মিতভাবে পয়ঃবর্জ্য অপসারণের ব্যবস্থা গ্রহণ করিবে, এবং নির্মাণজনিত ত্রুটি অথবা সেপটিক ট্যাংক, পিট ল্যাট্রিন বা অনসাইট স্যানিটেশন ব্যবস্থার স্বাভাবিক কার্যকরণে ব্যর্থতা বা পয়ঃবর্জ্য নিরাপদে অপসারণ কাজে ব্যর্থতার জন্য উক্ত সেপটিক ট্যাংক, পিট ল্যাট্রিন বা অনসাইট স্যানিটেশন ব্যবস্থা হইতে পয়ঃবর্জ্য কোন খোলা স্থান বা ড্রেনে প্রবাহিত হওয়ার কারণে যাহাতে পরিবেশের দূষণ না হয় উহা নিশ্চিত করিবে।

(৬) প্রত্যেক বাড়ির মালিক, তত্ত্বাবধায়ক বা দখলদারকে লাইসেন্সকৃত অপারেটর দ্বারা বা পৌরসভার তালিকাভুক্ত ও প্রশিক্ষিত পয়ঃবর্জ্য অপসারণ ইত্যাদি কাজে নিয়োজিত কর্মীর মাধ্যমে, পৌরসভা কর্তৃক অনুমোদিত যান্ত্রিক পদ্ধতিতে (Mechanical emptying) সেপটিক ট্যাংক, পিট ল্যাট্রিন বা অনসাইট স্যানিটেশন ব্যবস্থার পয়ঃবর্জ্য অপসারণ করিবে। পৌরসভা কর্তৃক যান্ত্রিক পদ্ধতিতে পয়ঃবর্জ্য অপসারণ সেবা চালু ও তাহার প্রসার ঘটাইতে হইবে। যান্ত্রিক পদ্ধতির পাশাপাশি সনাতন (Manual emptying) পদ্ধতিতে পয়ঃবর্জ্য খালি করিবার কাজে নিয়োজিত কর্মীদের স্বাস্থ্য ও নিরাপত্তা এবং জনস্বাস্থ্য ও পরিবেশের সুরক্ষা নিশ্চিতকরণে পৌরসভা তাহাদেরকে যথাযথ প্রশিক্ষণ ও সহায়তা সেবা প্রদান করিবে। এই বিষয়ে স্থানীয় সরকার বিভাগ-এর (তফসিল-৩ক এর পয়ঃবর্জ্য নিরাপদে অপসারণের বিষয়ে স্থানীয় সরকার বিভাগ WS-৩ এর ২৪ জানুয়ারি ২০১৭ তারিখে জারীকৃত) পরিপত্র অনুসরণ করিতে হইবে।

(৭) গৃহস্থালী বা বাড়ি-ঘর বা ভবন পরিষ্কার বা রান্না, ধোয়া-মোছা ও গোসলের কাজে ব্যবহৃত পরিত্যক্ত বর্জ্যপানি বা কোন প্রকার কঠিন বর্জ্য কোন অবস্থাতেই সেপটিক ট্যাংক বা পয়ঃবর্জ্য জমা হয় এমন কোন স্থানে ফেলা যাইবে না। তবে ডিওয়াট (Decentralized Wastewater Treatment System)

মোঃ আব্দুর রহমান
উপসচিব
স্থানীয় সরকার বিভাগ
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়

ব্যবস্থা রহিয়াছে এমন ক্ষেত্রে গৃহস্থালী বা বাড়ি-ঘর বা ভবন পরিষ্কার বা রান্না, ধোয়া-মোছা ও গোসলের কাজে ব্যবহৃত পরিত্যক্ত বর্জ্যপানি সেপটিক ট্যাংক ব্যবস্থায় ফেলা যাইবে।

**৫। স্যানিটেশন ব্যবস্থা পরিদর্শন:**

(১) প্রত্যেক বাড়ি বা ভবনের মালিক, তত্ত্বাবধায়ক বা দখলদার অথবা উক্ত কাজের জন্য রাজমিস্ত্রি, প্লাম্বার, পয়ঃবর্জ্য অপসারণ ইত্যাদি কাজে নিয়োজিত কর্মী বা সংস্থায় কর্মীদের নিয়োগকারী ব্যক্তি বা প্রতিষ্ঠান, সেপটিক ট্যাংক, সোকপিট, পিট ল্যাট্রিন ও অনসাইট স্যানিটেশন ব্যবস্থাদি নির্মাণ ও রক্ষণাবেক্ষণ এবং উহা হইতে বর্জ্য অপসারণ ও পরিবহণের কাজের ক্ষেত্রে -

(ক) প্রয়োজনীয় সতর্কতা অবলম্বন করিবে; দায়িত্বপ্রাপ্ত ব্যক্তিকে নিম্নবর্ণিত যন্ত্রপাতি ও সরঞ্জামাদির ব্যবস্থা রাখিতে হইবে এবং এইসবের ব্যবহার নিশ্চিত করিতে হইবে, যথা:

(১) প্রাথমিক চিকিৎসা সরঞ্জাম;
(২) নিরাপত্তা মূলক গিয়ার/সরঞ্জাম;
(৩) গ্যাস-মাস্ক ও ফেসমাস্ক;
(৪) নিরাপত্তা বেল্ট;
(৫) ভারি রাসায়নিক প্রতিরোধক হাত মোজা;
(৬) হেড ল্যাম্পসম্বলিত হেলমেট ও নিরাপত্তা মূলক চশমা;
(৭) জল অভেদ্য (Water proof) বুট জুতা;
(৮) এপ্রোন ও রেইনকোট;
(৯) পৌরসভা কর্তৃক সময় সময় নির্ধারিত অন্যান্য সরঞ্জামাদি।

(খ) উপরে বর্ণিত সামগ্রিক নিরাপত্তামূলক ব্যবস্থা গ্রহণ করিবে;

(গ) সতর্কতা ও নিরাপত্তামূলক ব্যবস্থা অনুসরণ করা হইতেছে কিনা উহা নিশ্চিতকরণের জন্য প্রয়োজনীয় মনিটরিং এর ব্যবস্থা গ্রহণ করিবে;

(ঘ) অবহেলাজনিত দুর্ঘটনার জন্য দায়ী থাকিবে;

(ঙ) বাড়ি বা ভবন নির্মাণে ও স্যানিটেশন কার্যক্রমের দায়িত্বে নিয়োজিত কর্মীদের সংশ্লিষ্ট আইন ও বিধি অনুযায়ী (যথা-বাংলাদেশ শ্রম আইন, ২০০৬; বাংলাদেশ শ্রম বিধিমালা, ২০১৫; সরকারের ন্যূনতম মজুরী বোর্ড নির্ধারিত) সেক্টর ভিত্তিক ন্যূনতম মজুরী; Pro-poor Strategy, 2019 অনুযায়ী ন্যূনতম মজুরী ও কর্মক্ষেত্রে দুর্ঘটনার ক্ষতিপূরণ প্রদান করিতে হইবে। প্রত্যেক বাড়ি বা ভবনের মালিক, তত্ত্বাবধায়ক বা দখলদার নির্মাণকারী কর্তৃপক্ষকে প্রয়োজনীয় মালামাল, যন্ত্রপাতি ও নিরাপত্তামূলক সরঞ্জামাদি প্রদান করিবে এবং এই ক্ষেত্রে দায়িত্বে নিয়োজিত কর্মীর অবহেলায় কর্মক্ষেত্রে দুর্ঘটনার জন্য বাড়ি বা ভবনের মালিক, তত্ত্বাবধায়ক বা দখলদার দায়ী থাকিবে না (এইটা শুধুমাত্র সেপটিক ট্যাংক, পিট ল্যাট্রিন ও অনসাইট স্যানিটেশন ব্যবস্থার ক্ষেত্রেই সীমাবদ্ধ থাকিবে)।

(২) ক্ষমতা প্রাপ্ত কর্মকর্তা বা পৌরসভা কর্তৃক নির্ধারিত অন্য কোন ব্যক্তি, প্রতিষ্ঠান বা আউটসোর্সিং প্রতিষ্ঠান পৌরসভার আওতাধীন এলাকায় নির্ধারিত কোন ভবন মেরামত বা নতুন বাড়ি বা ভবন নির্মাণের সময়, যে কোন সময়, উক্ত বাড়ি বা ভবনে বা উহার আঙ্গিনায় নির্মিত বা নির্মিতব্য স্যানিটেশন ব্যবস্থাদি বাংলাদেশ ন্যাশনাল বিল্ডিং কোড বা পৌরসভা কর্তৃক নির্ধারিত মানদন্ড অনুযায়ী নির্মিত হইয়াছে কিনা বা নির্মাণ করা হইতেছে কিনা উহা পৌরসভা কর্তৃক নির্ধারিত পদ্ধতিতে পরিদর্শন ও পরীক্ষা করিবে।

(৩) উপ-অনুচ্ছেদ (২) এর অধীন পরিদর্শন ও পরীক্ষার সময় ক্ষমতা প্রাপ্ত কর্মকর্তা বা পৌরসভা কর্তৃক মনোনীত অন্য কোন ব্যক্তি বা প্রতিষ্ঠানের নিকট যদি প্রতীয়মান হয় যে, পরিদর্শনকৃত ভবন বা ভবনের আঙ্গিনায় নির্মিত বা নির্মিতব্য স্যানিটেশন ব্যবস্থাদি উক্ত উপ-অনুচ্ছেদে বর্ণিত মান অনুযায়ী নির্মাণ করা হয় নাই বা হইতেছে না, তাহা হইলে উক্ত কর্মকর্তা পৌরসভা কর্তৃক নির্ধারিত পদ্ধতিতে উক্ত বাড়ি বা ভবনের মালিক, তত্ত্বাবধায়ক বা দখলদারকে অনুমোদিত নকশা অনুযায়ী নিজ খরচে উহা পুনঃনির্মাণ বা সংশোধিতরূপে মেরামত করিবার জন্য নির্দেশ প্রদান করিতে পারিবে। ইহা ছাড়া সময় সময়, জারীকৃত এই সংক্রান্ত আইন ও বিধি-বিধান অনুসরণ করিতে হইবে।

(৪) উপ-অনুচ্ছেদ (২) ও (৩) এর ক্ষেত্রে বর্ণিত বিধানাবলী বিভিন্ন সরকারি ও বেসরকারি প্রতিষ্ঠান, বস্তি, পাবলিক টয়লেটের ক্ষেত্রে সমভাবে প্রযোজ্য হইবে।

মোঃ ...রুর রহমান
উপসচিব
স্থানীয় সরকার বিভাগ
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়

(৫) উপ-অনুচ্ছেদ (৩) এর অধীন কোন নির্দেশ প্রদান করা হইলে উক্ত নির্দেশে কত দিনের মধ্যে উক্ত কার্য সম্পন্ন করিতে হইবে উহার উল্লেখ করিতে হইবে।

(৬) এই অনুচ্ছেদের অধীন পরিদর্শনের সময় যদি দেখা যায় যে, কোন বাড়ি বা ভবন বা উহার আঙ্গিনায় কোন রকম স্যানিটেশন ব্যবস্থা নাই বা উক্ত ব্যবস্থা থাকিলেও উহা অপর্যাপ্ত রহিয়াছে বা উহা যথাযথভাবে নির্মাণ করা হয় নাই, তাহা হইলে পৌরসভা উক্ত মালিককে বাড়ি বা ভবন বা উহার আঙ্গিনায় উপ-অনুচ্ছেদ (২) এ বর্ণিত মান অনুযায়ী স্যানিটেশন ব্যবস্থাদি বাংলাদেশ জাতীয় বিল্ডিং কোড বা পৌরসভা কর্তৃক নির্ধারিত মানদন্ড অনুযায়ী যথাযথ স্থানে নির্মাণ বা পুনঃনির্মাণের জন্য পৌরসভা কর্তৃক নির্ধারিত পদ্ধতিতে নোটিশ প্রদানপূর্বক নির্দেশ প্রদান করিবে।

(৭) এই অনুচ্ছেদের অধীন কোন নির্দেশ প্রদান করা হইলে সংশ্লিষ্ট বাড়ির মালিক, তত্ত্বাবধায়ক বা দখলদার উক্ত নির্দেশ প্রতিপালনে বাধ্য থাকিবে। নির্দেশ অনুযায়ী পুনঃনির্মাণ বা সংশোধনে ব্যর্থ হইলে পৌরসভা এই সংক্রান্ত আইন অনুযায়ী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করিবে।

(৮) এই অনুচ্ছেদের অধীন নির্দেশনার আলোকে সংশ্লিষ্ট মালিক, তত্ত্বাবধায়ক বা দখলদারের আবেদনের পরিপ্রেক্ষিতে কোনো স্যানিটেশন ব্যবস্থা পুনঃনির্মাণ বা এতদ্সংক্রান্ত বিকল্প ব্যবস্থা গ্রহণের ক্ষেত্রে পৌরসভা, স্বীয় বিবেচনায়, প্রয়োজনীয় সহায়তাসহ কারিগরি পরামর্শ প্রদান করিবে।

## তৃতীয় অধ্যায়

## পয়ঃবর্জ্য সংগ্রহ, অপসারণ ও পরিবহন
## (Fecal Sludge Collection, Emptying & Transportation)

**৬। পয়ঃবর্জ্য অপসারণ ও পরিবহণে ভবন মালিক, তত্ত্বাবধায়ক ও দখলদারদের দায়িত্ব:**

(১) প্রত্যেক বাড়ি বা ভবনের মালিক, তত্ত্বাবধায়ক বা দখলদারদের দায়িত্ব হইবে কেবল পৌরসভার প্রশিক্ষণ প্রাপ্ত স্যানিটেশন কর্মী বা লাইসেন্স প্রাপ্ত অপারেটর এর মাধ্যমে সেপটিক ট্যাংক, ল্যাট্রিন পিট বা অনসাইট স্যানিটেশন ব্যবস্থা হইতে পয়ঃবর্জ্য সংগ্রহ, অপসারণ/খালিকরণ (Desludging/emptying) বা পরিবহন করা।

(২) সেপটিক ট্যাংক বা পিট ল্যাট্রিন বা অনসাইট স্যানিটেশন ব্যবস্থা হইতে পয়ঃবর্জ্য খালিকরণ বা অপসারণ বা পরিবহন সেবা প্রদানের ক্ষেত্রে পৌরসভা কর্তৃক ইস্যুকৃত স্বাস্থ্য ও নিরাপত্তা নির্দেশাবলী অনুসরণ করিতে হইবে।

**৭। পয়ঃবর্জ্য অপসারণ, পরিবহন, ইত্যাদির ফী:**

(১) অনসাইট স্যানিটেশন ব্যবস্থা হইতে পয়ঃবর্জ্য সংগ্রহ, অপসারণ ও পৌরসভা কর্তৃক নির্ধারিত স্থানে উহা পরিবহনের জন্য বাড়ি বা ভবন মালিক, তত্ত্বাবধায়ক বা দখলদার কর্তৃক প্রদেয় ফিস হার পৌরসভা কর্তৃক সময় সময় নির্ধারণ করা হইবে। এ সংক্রান্ত ফিস হার নির্ধারণ করিবার ক্ষেত্রে মডেল ট্যাক্স সিডিউল অনুসরণ করিতে হইবে। মডেল ট্যাক্স সিডিউলে ফিস হার নির্ধারণ করা না থাকলে পৌর পরিষদ এর অনুমোদন সাপেক্ষে ফিস হার নির্ধারিত হইবে।

(২) বস্তি এলাকায় পয়ঃবর্জ্য অপসারণ কাজের জন্য পৌরসভা কর্তৃক নির্ধারিত আকারের (Size) বিশেষ ভ্যাকুয়াম ট্যাংকার বা যান দ্বারা অগ্রাধিকার ভিত্তিতে পৌরসভা কর্তৃক নির্ধারিত বিশেষ মূল্যে সেপটিক ট্যাংক ও পিট পরিষ্কারের ব্যবস্থা গ্রহণ করিবে।

(৩) যদি পৌরসভায় পয়ঃবর্জ্য পরিশোধনের কোন পরিশোধন কেন্দ্র চালু থাকে এবং সংগৃহীত পয়ঃবর্জ্য পরিশোধনের জন্য উহা উক্ত কেন্দ্রে পরিবহন করা হয়, তাহা হইলে উপ-অনুচ্ছেদ (১) এর অধীন ফিস নির্ধারণের ক্ষেত্রে সেপটিক ট্যাংক, পিট ল্যাট্রিন বা অনসাইট স্যানিটেশন ব্যবস্থা হইতে পয়ঃবর্জ্য অপসারণ/সংগ্রহ হইতে পরিশোধন পর্যন্ত সকল ধাপে অর্থ ব্যয়ের হিসাব বিবেচনায় আনিতে হইবে।

মোঃ আব্দুর রহমান
উপসচিব
স্থানীয় সরকার বিভাগ
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়

(৪) প্রত্যেক বাড়ি বা ভবন মালিক, তত্ত্বাবধায়ক বা দখলদারকে পয়ঃবর্জ্য সংগ্রহ, অপসারণ ও পরিবহন ফিস পৌরসভা কর্তৃক সময় সময় নির্ধারিত হারে পরিশোধ করিতে হইবে।

(৫) অনসাইট স্যানিটেশন ব্যবস্থা হইতে পয়ঃবর্জ্য সংগ্রহ, অপসারণ বা পরিবহনের জন্য লাইসেন্স প্রাপ্ত অপারেটর কোন বাড়ি বা ভবন মালিক, তত্ত্বাবধায়ক বা দখলদারের নিকট পৌরসভা কর্তৃক সময় সময় নির্ধারিত ফিস এর অতিরিক্ত কোন অর্থ দাবি করিতে পারিবে না।

**৮। তথ্য ভান্ডার:**

(১) পরিকল্পিত/অপরিকল্পিত/এপার্টমেন্ট ভবনের তালিকা সম্বলিত তথ্য ভান্ডারসহ পৌরসভা অনসাইট স্যানিটেশন ব্যবস্থা হইতে যথাযথভাবে, সময়মত ও নিয়মিত পয়ঃবর্জ্য সংগ্রহ ও অপসারণের জন্য উহার সামগ্রিক ব্যবস্থাপনা ও কতদিন পরপর উহা খালি করিতে হইবে তৎসংক্রান্ত তথ্য এবং প্রদত্ত ও গৃহীত ব্যবস্থাপনা সেবার তথ্য সম্বলিত একটি তথ্য ভান্ডার (Database) তৈরি করিবে।

(২) উক্ত তথ্য ভান্ডার পৌরসভার আওতাধীন সকল অনসাইট স্যানিটেশন ব্যবস্থা হইতে কার্যকরভাবে পয়ঃবর্জ্য খালি বা সংগ্রহ ও অপসারণ কাজের জন্য ব্যবহার করা হইবে। যে সমস্ত বসতবাড়ি/প্রতিষ্ঠান পয়ঃবর্জ্য ব্যবস্থাপনা সেবা গ্রহণ করিয়াছে পৌরসভা তাহাদেরও একটি তথ্য ভান্ডার তৈরি করিবে।

**৯। পয়ঃবর্জ্য পরিবহনের জন্য নিয়োজিত যানবাহন:**

(১) এই নির্দেশিকার উদ্দেশ্য পূরণকল্পে, পৌরসভা কর্তৃক নির্দিষ্টকৃত বা অনুমোদিত ভ্যাকুয়াম ট্যাংকার বা যান ব্যতীত অন্য কোন যানবাহনে পয়ঃবর্জ্য পরিবহন করা যাইবে না। এই ক্ষেত্রে সরকার কর্তৃক জারীকৃত এই সংক্রান্ত বিধি-বিধান প্রাধান্য পাইবে।

(২) পয়ঃবর্জ্য পরিবহনের জন্য প্রত্যেক ভ্যাকুয়াম ট্যাংকার বা পয়ঃবর্জ্য পরিবহন যান পৌরসভা কর্তৃক নির্ধারিত স্পেসিফিকেশন ও মানের হইতে হইবে।

(৩) দক্ষতার সহিত ও নিরাপদে পয়ঃবর্জ্য পরিবহনের জন্য ভ্যাকুয়াম ট্যাংকার বা পয়ঃবর্জ্য পরিবহন যান কেবল পৌরসভা কর্তৃক নির্ধারিত সময়ে ও পথে (Route and timing) চলাচল করিতে পারিবে।

(৪) পয়ঃবর্জ্য অপসারণ ও পরিবহনের কাজে নিয়োজিত প্রত্যেক ভ্যাকুয়াম ট্যাংকার বা পয়ঃবর্জ্য পরিবহন যানে দৃষ্টি গ্রাহ্য ভাবে-

(ক) সংশ্লিষ্ট পরিবহনকারী বা অপারেটরের লাইসেন্সের কপি বা ক্ষেত্র মত পৌরসভার অনুমোদন পত্রের কপি প্রদর্শন করিতে হইবে; এবং

(খ) হলুদ রঙের উপর লাল কালিতে 'পয়ঃবর্জ্য পরিবহন কাজে নিয়োজিত' শীর্ষক তথ্য প্রদর্শন করিতে হইবে।

(৫) পয়ঃবর্জ্য পরিবহনের কাজে নিয়োজিত প্রত্যেক পয়ঃবর্জ্য পরিবহন যান বা ট্যাংকার পরিবহনকারী বা অপারেটরকে পয়ঃবর্জ্য পরিবহনের পূর্বে উক্ত বিষয়ে পৌরসভা কর্তৃক নির্ধারিত পদ্ধতিতে ক্ষমতাপ্রাপ্ত কর্মকর্তাকে অবহিত করিবে।

**১০। পরিবহনের ক্ষেত্রে সতর্কতা:**

(১) পয়ঃবর্জ্য পরিবহন কার্যে নিয়োজিত লাইসেন্সকৃত অপারেটর বা ব্যক্তি পয়ঃবর্জ্য সংগ্রহের স্থান হইতে পৌরসভা কর্তৃক নির্ধারিত স্থানে পয়ঃবর্জ্য পরিবহণের সময় যাহাতে কোন ভাবেই তরল বর্জ্য নির্গত না হয় বা উপচাইয়া পড়িয়া না যায় উহা নিশ্চিত করিবে, উক্ত ক্ষেত্রে পৌরসভা কর্তৃক তরল পয়ঃবর্জ্য যাহাতে নির্গত না হয় সে সম্পর্কিত প্রোটোকল এবং জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর-এর সেপটিক ট্যাংক পরিষ্কার প্রশিক্ষণ ম্যানুয়াল-এর নির্দেশনা অনুসরণ করিতে হইবে।

(২) পরিবেশ দূষণ রোধকল্পে, পয়ঃবর্জ্য পরিবহনের সময় প্রত্যেক ভ্যাকুয়াম ট্যাংকারে বা পয়ঃবর্জ্য পরিবহন যানের সহিত পৌরসভা কর্তৃক নির্ধারিত প্রয়োজনীয় যন্ত্রপাতি সংযোজন করিতে হইবে।

**১১। দুর্ঘটনার ক্ষেত্রে সংশ্লিষ্ট ব্যক্তি বা লাইসেন্সকৃত অপারেটরের দায়-দায়িত্ব:**

পয়ঃবর্জ্য পরিবহনের সময় সংঘটিত দুর্ঘটনার জন্য কোন ব্যক্তি, যানবাহন, সম্পত্তি বা পরিবেশের ক্ষতি হইলে উক্ত ক্ষতির জন্য পয়ঃবর্জ্য পরিবহন কার্যে নিয়োজিত লাইসেন্সপ্রাপ্ত অপারেটর বা দায়িত্বপ্রাপ্ত

উপসচিব
স্থানীয় সরকার বিভাগ
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়

ব্যক্তি সরাসরি দায়ী থাকিবে। সংঘটিত দুর্ঘটনার ক্ষতিপূরণ ও নিষ্পত্তি পৌর পরিষদ নির্ধারিত কমিটির মাধ্যমে সমাধানের ব্যবস্থা করিবে। পৌরসভা এই ক্ষেত্রে বিশেষ কমিটির বা সংশ্লিষ্ট স্থায়ী কমিটির (Standing Committee) মাধ্যমে নিষ্পত্তি করিতে পারিবে।

**১২। পয়ঃবর্জ্য অপসারণ** ও পরিবহন **কাজে নিয়োজিত কর্মীর নিরাপত্তা:**

(১) লাইসেন্সকৃত অপারেটর পয়ঃবর্জ্য অপসারণ ও পরিবহন কাজে নিয়োজিত দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি এবং অপসারণ, পরিবহন ও উহা ফেলার স্থানে নিষ্কাশনে নিয়োজিত কর্মীর সুরক্ষা ও নিরাপত্তার ব্যবস্থা নিশ্চিত করিবে।

(২) উপ-অনুচ্ছেদ (১) এর উদ্দেশ্য পূরণকল্পে, লাইসেন্সকৃত অপারেটর বা পয়ঃবর্জ্য অপসারণ ও পরিবহন কাজে দায়িত্ব প্রাপ্ত ব্যক্তিকে নিম্নবর্ণিত যন্ত্রপাতি ও সরঞ্জামাদির ব্যবস্থা রাখিতে হইবে, এবং পয়ঃবর্জ্য অপসারণ ও পরিবহন কাজ চলিবার সময় প্রয়োজনীয় সরঞ্জামাদির ব্যবহার নিশ্চিত করিতে হইবে:

(ক) গ্যাস নিবারক;
(খ) গ্যাস-মাস্ক ও সার্জিক্যাল ফেস মাস্ক;
(গ) নিরাপত্তামূলক গিয়ার;
(ঘ) অক্সিজেন সিলিন্ডার যুক্ত অক্সিজেন মাস্ক;
(ঙ) প্রাথমিক চিকিৎসা সরঞ্জাম;
(চ) নিরাপত্তা বেল্ট;
(ছ) রাসায়নিক তরল নিরোধক পোষাক;
(জ) টর্চ লাইট;
(ঝ) ভারি রাসায়নিক প্রতিরোধক হাত মোজা;
(ঞ) হেড ল্যাম্প সম্বলিত হেলমেট ও নিরাপত্তামূলক চশমা;
(ট) জল অভেদ্য (Waterproof) বুট জুতা;
(ঠ) এয়ার কম্প্রেসর ও ব্লোয়ার;
(ড) এপ্রোন ও রেইনকোট;
(ঢ) পৌরসভা কর্তৃক, সময় সময়, নির্ধারিত অন্যান্য সরঞ্জামাদি।

(৩) পয়ঃবর্জ্য সংগ্রহ, অপসারণ, পরিবহন ও ফেলার ক্ষেত্রে প্রত্যেক ব্যক্তিকে পৌরসভা কর্তৃক, সময় সময়, জারীকৃত নিদের্শনা পালন করিতে হইবে।

**১৩। লাইসেন্সকৃত অপারেটর এর দায়িত্ব:**

এই নির্দেশিকার উদ্দেশ্য পূরণকল্পে, প্রত্যেক লাইসেন্সকৃত অপারেটর, অন্যান্য বিষয়ের পাশাপাশি, নিম্নবর্ণিত দায়িত্বাবলী প্রতিপালন করিবে, যথা: -

(ক) পৌরসভা কর্তৃক নির্ধারিত স্থানে পয়ঃবর্জ্য ফেলা বা নিষ্কাশনের (Disposal) ব্যবস্থা করা;
(খ) পয়ঃবর্জ্য অপসারণ, পরিবহন ও ফেলা বা নিষ্কাশনের কার্যে নিয়োজিত কর্মীদের প্রশিক্ষণের ব্যবস্থা করা;
(গ) উক্ত কর্মীদের নিয়মিত স্বাস্থ্য পরীক্ষার ব্যবস্থা করাসহ স্বাস্থ্য বীমার (Health Insurance) ব্যবস্থা করা।

মোঃ আব্দুর রহমান
উপসচিব
স্থানীয় সরকার বিভাগ
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়

## চতুর্থ অধ্যায়

## পয়ঃবর্জ্য পরিশোধন ও পুনঃব্যবহার
(Fecal Sludge Treatment & Reuse)

**১৪। পয়ঃবর্জ্য পরিশোধন ও নিষ্কাশনের স্থান চিহ্নিতকরণ:**

(১) পয়ঃবর্জ্য নিষ্কাশন, পরিশোধন বা পুনঃব্যবহারের উদ্দেশ্যে, পৌরসভার প্রশিক্ষণ প্রাপ্ত স্যানিটেশন কর্মী বা লাইসেন্সকৃত অপারেটর কর্তৃক যে স্থানে পয়ঃবর্জ্য ফেলিতে হইবে পৌরসভা সেই স্থান চিহ্নিতক্রমে নির্ধারণ করিবে।

(২) পয়ঃবর্জ্য নিষ্কাশন, পরিশোধন বা, ক্ষেত্র মত পুনঃব্যবহারের সুবিধা প্রদানের উদ্দেশ্যে, পৌরসভা উপ-অনুচ্ছেদ (১) এ উল্লিখিত স্থানে প্রয়োজনীয় অবকাঠামো নির্মাণসহ উহাতে প্রয়োজনীয় সরঞ্জামাদি স্থাপনের ব্যবস্থা করিবে।

(৩) উপ-অনুচ্ছেদ (২) এর অধীন পয়ঃবর্জ্য পরিশোধন ব্যবস্থা বা অবকাঠামো নির্মিত না হওয়া পর্যন্ত, সংগৃহীত ও পরিবহনকৃত পয়ঃবর্জ্য পৌরসভা কর্তৃক নির্ধারিত স্থানে গর্ত বা পরিখা খনন করিয়া সেখানে ফেলিতে হইবে এবং উক্ত গর্ত বা পরিখা পূর্ণ হইয়া গেলে উহা মাটি দ্বারা যথাযথভাবে ঢাকিয়া দিতে হইবে। গর্ত বা পরিখা পূর্ণ হওয়ার সময় হইতে ন্যূনতম ২ (দুই) বৎসর সময়কাল পরে গর্ত বা পরিখা পুনঃখনন করিয়া উহা পুনঃব্যবহারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করিতে পারিবে।

(৪) পৌরসভা কর্তৃক নির্ধারিত সময়ে পয়ঃবর্জ্য সংগ্রহের উদ্দেশ্যে পৌরসভা পয়ঃবর্জ্য নিষ্কাশন বা ফেলার স্থানে প্রয়োজনীয় সংখ্যক কর্মী নিয়োজিত করিবার ব্যবস্থা করিবে।

(৫) পৌরসভা কর্তৃক পয়ঃবর্জ্য ফেলার নির্ধারিত স্থানে কোনক্রমেই গৃহস্থালী বা শিল্প বর্জ্যের সংমিশ্রণ রহিয়াছে এমন পয়ঃবর্জ্য নিষ্কাশন বা ফেলা যাইবে না। শিল্পকারখানা অথবা অন্য কোন ক্ষতিকর (Hazardous) বর্জ্যের সঙ্গে গৃহস্থালি পয়ঃবর্জ্য মিশ্রিত হইলে মিশ্রিত বর্জ্য 'বাংলাদেশ স্লাজ ব্যবস্থাপনা মানদন্ড ও নির্দেশনা, ২০১৬' অনুযায়ী ক্যাটাগরি - বি এবং সি ব্যবস্থাপনা পদ্ধতি অনুসরণ করিয়া ব্যবস্থা গ্রহণ করিতে হইবে।

**১৫। পয়ঃবর্জ্য পুনঃব্যবহার:**

(১) পৌরসভা পয়ঃবর্জ্য বিজ্ঞান সম্মতভাবে পরিশোধনপূর্বক পুনঃব্যবহারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করিতে পারিবে। পয়ঃবর্জ্য পরিশোধনের সর্বশেষ পর্যায়ে উৎপাদিত কম্পোস্ট বা জৈব সার কৃষিকাজে নিরাপদ ব্যবহার নিশ্চিতকরণে কৃষি মন্ত্রণালয় কর্তৃক নির্ধারিত 'Compost Standard of Bangladesh, 2016' যথাযথভাবে অনুসরণ করিতে হইবে।

(২) পয়ঃবর্জ্য পরিশোধনের জন্য পৌরসভা সংশ্লিষ্ট সরকারি, বেসরকারি ও আন্তর্জাতিক উন্নয়ন সহযোগী প্রতিষ্ঠানের কারিগরি ও আর্থিক সহায়তা গ্রহণ করিতে পারিবে।

(৩) পৌরসভা পয়ঃবর্জ্য পরিশোধনের জন্য প্রয়োজনীয় পরিশোধন সুবিধাদি পরিচালনার নিমিত্তে ইজারা প্রদান পদ্ধতি নির্ধারণ করিতে পারিবে এবং উক্ত উদ্দেশ্যে পৌরসভা প্রয়োজনীয় স্ট্যান্ডার্ড অপারেটিং পদ্ধতি প্রণয়ন করিতে পারিবে।

(৪) কৃষি কার্যে সরাসরি অপরিশোধিত পয়ঃবর্জ্য ব্যবহার ও পুনঃব্যবহার করিবার ক্ষেত্রে, স্বাস্থ্য সম্মত ও পরিবেশগত ঝুঁকি থাকার বিষয়ে কর্মকর্তাসহ সংশ্লিষ্ট সকলকে সতর্ক করাসহ এতদপ্রয়োজনে পরিশোধিত পয়ঃবর্জ্য ব্যবহারে উৎসাহ প্রদান করা যাইবে।

(৫) পুনঃব্যবহারযোগ্য পরিশোধিত উপজাত দ্রব্য বা কম্পোষ্ট এর মান (Quality), নিরাপদ ব্যবহার ও বাজারজাত করিবার জন্য সরকারের কৃষি মন্ত্রণালয়ের কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের অনুমোদন গ্রহণ করিতে হইবে।

মোঃ আব্দুর রহমান
উপসচিব
স্থানীয় সরকার বিভাগ
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়

## পঞ্চম অধ্যায়

## লাইসেন্স, নিবন্ধন ইত্যাদি
## (Licence and Registration)

**১৬। পয়ঃবর্জ্য অপসারণ ও পরিবহন কার্য পরিচালনার জন্য লাইসেন্স:**

(১) কোন ব্যক্তি বা প্রতিষ্ঠান অনসাইট স্যানিটেশন ব্যবস্থা হইতে পয়ঃবর্জ্য অপসারণ ও পরিবহনকার্য পরিচালনা করিতে চাহিলে উক্ত ব্যক্তি বা প্রতিষ্ঠানকে এই নির্দেশিকার অধীন পৌরসভা হইতে অপারেটর হিসেবে লাইসেন্স গ্রহণ করিতে হইবে।

(২) উপ-অনুচ্ছেদ (১) এর অধীন লাইসেন্সের জন্য ইচ্ছুক প্রত্যেক ব্যক্তি বা প্রতিষ্ঠান, পৌরসভা কর্তৃক নির্ধারিত পদ্ধতিতে ফী প্রদান/ পরিশোধ সাপেক্ষে, পৌরসভার মেয়র বা প্রধান নির্বাহী কর্মকর্তা বা পৌরসভা কর্তৃক ক্ষমতাপ্রাপ্ত নির্বাহী প্রকৌশলী, পৌর নির্বাহী কর্মকর্তা বা পৌরসভার জ্যেষ্ঠ কর্মকর্তার নিকট আবেদন করিতে হইবে।

(৩) উপ-অনুচ্ছেদ (২)এর অধীনকৃত আবেদন সম্পর্কে মেয়র/প্রধান নির্বাহী কর্মকর্তা বা পৌরসভা কর্তৃক ক্ষমতাপ্রাপ্ত নির্বাহী প্রকৌশলী, পৌর নির্বাহী কর্মকর্তা বা পৌরসভার জ্যেষ্ঠ কর্মকর্তা যদি এই মর্মে সন্তুষ্ট হন যে, আবেদনকারী এই নির্দেশিকা অনুযায়ী লাইসেন্স পাওয়ার যোগ্য এবং সংশ্লিষ্ট আবেদনকারী ব্যক্তি বা প্রতিষ্ঠান অনুচ্ছেদ ১৭-তে বর্ণিত শর্ত বা মানদন্ড প্রতিপালনে সক্ষম, তাহা হইলে তিনি, আবেদনটি সংশ্লিষ্ট বর্জ্য-ব্যবস্থাপনা স্থায়ী কমিটির সুপারিশের ভিত্তিতে পৌর পরিষদের অনুমোদনক্রমে, উহা অনুমোদনকরতঃ আবেদনকারী বরাবর লাইসেন্স ইস্যু করিবে এবং উক্ত অপারেটর লাইসেন্স প্রাপ্ত হইয়াছে বলিয়া অভিহিত হইবে।

(৪) লাইসেন্স প্রদানের ক্ষেত্রে, পৌরসভা লাইসেন্সকৃত অপারেটর-এর নিকট হইতে পৌরসভা কর্তৃক নির্ধারিত অংকের পারফরমেন্স গ্যারান্টি লইতে পারিবে।

(৫) উপ-অনুচ্ছেদ (৩) এর অধীন ইস্যুকৃত লাইসেন্সের মেয়াদ হইবে উহা প্রদানের তারিখ হইতে এক (১) বৎসর বা পৌরসভা কর্তৃক নির্ধারিত সময়কাল এবং উক্ত লাইসেন্স, পৌরসভা কর্তৃক নির্ধারিত ফি প্রদান/পরিশোধ সাপেক্ষে নবায়ন যোগ্য হইবে।

(৬) এই অনুচ্ছেদে যাহা কিছুই থাকুক না কেন, পৌরসভা কর্তৃক সরাসরি পয়ঃবর্জ্য অপসারণ ও পরিবহন সেবা পরিচালনার ক্ষেত্রে এই অনুচ্ছেদের বিধানাবলীর কোন কিছুই প্রযোজ্য হইবে না।

**১৭। লাইসেন্স ইস্যুর মানদন্ড:**

লাইসেন্স প্রাপ্তির জন্য প্রত্যেক আবেদনকারীকে নিম্নলিখিত মানদন্ড প্রতিপালন/অনুসরণ করিতে হইবে যথা:

(ক) আবেদনকারীকে একজন আইনগত ব্যক্তি সত্তা হইতে হইবে;

(খ) আবেদনকারীর মালিকানাধীন বা অনুমোদিত ভাড়া চুক্তির অধীন পৌরসভা কর্তৃক নির্ধারিত মানের ভ্যাকুয়াম ট্যাংকার বা অনুরূপ অন্য কোন পরিবহন যান থাকিতে হইবে এবং উক্ত ট্যাংকার বা পয়ঃবর্জ্য পরিবহন যানে আবশ্যিক ভাবে পয়ঃবর্জ্য অপসারণের যথাযথ ভ্যাকুয়াম সাকশন এবং নির্গমন ব্যবস্থা থাকিতে হইবে;

(গ) বাংলাদেশ সড়ক পরিবহন কর্তৃপক্ষ হইতে উক্ত ট্যাংকার বা পয়ঃবর্জ্য পরিবহন যানের নিবন্ধন থাকিতে হইবে;

(ঘ) পৌরসভা হইতে উক্ত ট্যাংকার বা পয়ঃবর্জ্য পরিবহন যানের অনুমোদন থাকিতে হইবে;

(ঙ) উক্ত ট্যাংকার বা পয়ঃবর্জ্য পরিবহন যান পৌরসভা কর্তৃক নির্ধারিত মানের হইতে হইবে;

(চ) আবেদনকারীকে নিশ্চয়তা প্রদান করিতে হইবে যে, পয়ঃবর্জ্য অপসারণ ও পরিবহন কাজে নিয়োজিত প্রত্যেক কর্মী যথাযথভাবে প্রশিক্ষণ প্রাপ্ত হইবে;

(ছ) পয়ঃবর্জ্য অপসারণ ও পরিবহনের ক্ষেত্রে আবেদনকারীর এই নির্দেশিকা ও এর অনুচ্ছেদ ১২ অনুযায়ী, পৌরসভা কর্তৃক নির্ধারিত সাজ-সরঞ্জাম থাকিতে হইবে।

মোঃ আব্দুর রহমান
উপসচিব
স্থানীয় সরকার বিভাগ
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়

**১৮। পৌরসভা কর্তৃক ভ্যাকুয়াম ট্যাংকার ও পয়ঃবর্জ্য পরিবহন যানের অনুমোদন:**

(১) পয়ঃবর্জ্য অপসারণ ও পরিবহনে নিয়োজিত প্রত্যেক ভ্যাকুয়াম ট্যাংকার বা পয়ঃবর্জ্য পরিবহন যান পৌরসভা কর্তৃক অনুমোদিত হইতে হইবে।

(২) অনুমোদনের উদ্দেশ্যে ক্ষমতা প্রাপ্ত কর্মকর্তা ভ্যাকুয়াম ট্যাংকার বা পয়ঃবর্জ্য পরিবহন যান পরিদর্শন ও পরীক্ষা করিতে পারিবে।

(৩) উপ-অনুচ্ছেদ (২) এর অধীন পরিদর্শন ও পরীক্ষার পর যদি পৌরসভার নিকট প্রতীয়মান হয় যে, উক্ত ভ্যাকুয়াম ট্যাংকার বা পয়ঃবর্জ্য পরিবহন যান অনুচ্ছেদ ১৭ তে বর্ণিত মানদন্ড এবং পৌরসভা কর্তৃক নির্ধারিত অন্য কোন শর্ত প্রতিফলনে সক্ষম নয় এবং উহা দ্বারা পৌর এলাকার জনস্বাস্থ্য ও নিরাপত্তা বিঘ্নিত হইতে পারে, তাহা হইলে পৌরসভা উক্ত ট্যাংকার বা পয়ঃবর্জ্য পরিবহন যান অনুমোদন করিবে না।

**১৯। লাইসেন্সের জন্য আবেদন আহ্বান।**

পৌরসভা পয়ঃবর্জ্য অপসারণ ও পরিবহনের জন্য সংশ্লিষ্ট ব্যক্তি বা প্রতিষ্ঠানের নিকট হইতে আবেদন আহ্বান করিবার ও উক্তরূপ আবেদনের সময় নির্ধারণ করিয়া পৌরসভার ওয়েব সাইট ও বহুল প্রচারিত পত্রিকায় বিজ্ঞপ্তি প্রচার করিবে। প্রয়োজনে পৌরসভা তাহার নিজস্ব ভ্যাকুয়াম ট্যাংকার বা পয়ঃবর্জ্য পরিবহন যান প্রয়োজনীয় নীতিমালা মোতাবেক পয়ঃবর্জ্য অপসারণ ও পরিবহনের জন্য প্রাইভেট সেক্টর বা বেসরকারি সংস্থাকে লীজ (ইজারা) প্রদান করিতে পারিবে। তবে এই ক্ষেত্রেও অনুচ্ছেদ ১৬ ও ১৭ তে বর্ণিত নিয়ম অনুযায়ী লাইসেন্স পাওয়ার প্রক্রিয়া প্রযোজ্য হইবে।

## ষষ্ঠ অধ্যায়
## জন সচেতনতা ও প্রশিক্ষণ
## (Mass Awareness and Training)

**২০। স্যানিটারি ব্যবস্থার সহিত জড়িত রাজমিস্ত্রি, প্লাম্বার, স্যানিটেশন কর্মীদের তালিকাভুক্তি করণ, ইত্যাদি:**

(১) পৌরসভা, তৎনির্ধারিত পদ্ধতিতে, সেপটিক ট্যাংক, পিট ল্যাট্রিন ও অনসাইট স্যানিটেশন ব্যবস্থাদি নির্মাণ ও রক্ষণাবেক্ষণ কাজের সহিত জড়িত ডিজাইনার, রাজমিস্ত্রি, প্লাম্বার ও সহায়ক কর্মী এবং উক্ত ব্যবস্থা হইতে পয়ঃবর্জ্য অপসারণ ও পরিবহনের কাজে নিয়োজিত স্যানিটেশন কর্মীগণকে তালিকাভুক্ত করিবে এবং পৌরসভা সময় সময়, উক্ত তালিকা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য উহাদের সাথে স্থানীয় গণমাধ্যমে প্রকাশক্রমে বহুল প্রচারের ব্যবস্থা করিবে।

(২) পৌরসভা উপ-অনুচ্ছেদ (১) এর অধীন তালিকাভুক্ত রাজমিস্ত্রি, প্লাম্বার, স্যানিটেশন কর্মী ও সহায়ক কর্মীদের যথাযথ প্রশিক্ষণের ব্যবস্থা গ্রহণ করিবে।

**২১। প্রশিক্ষণ:**

(১) পৌরসভা এবং ক্ষেত্রমত লাইসেন্সকৃত অপারেটর, পয়ঃবর্জ্য সংগ্রহ, অপসারণ, পরিবহন ও পৌরসভা কর্তৃক উহা নিষ্কাশন বা ফেলার কাজে নিয়োজিত স্যানিটেশন কর্মী, স্যানিটেশন অবকাঠামো নির্মাণ কাজে নিয়োজিত রাজমিস্ত্রি ও প্লাম্বারদের পেশাগত প্রশিক্ষণের ব্যবস্থা গ্রহণ করিবে।

(২) পৌরসভা আধুনিক পয়ঃবর্জ্য ব্যবস্থাপনা সেবা চালুর ব্যবস্থা করিলে উহাতে সনাতন (Manual) পদ্ধতিতে পয়ঃবর্জ্য ব্যবস্থাপনা সেবায় নিয়োজিত কর্মীগণের পেশাগত কার্য সম্পাদনের কোনরূপ ক্ষতি না হয় সেই জন্য পৌরসভা উক্ত কর্মীদের আধুনিক বা যান্ত্রিক পয়ঃবর্জ্য ব্যবস্থাপনা সেবা পরিচালনার যথাযথ প্রশিক্ষণ প্রদানের ব্যবস্থা গ্রহণ করিবে।

মোঃ আব্দুর রহমান
উপসচিব
স্থানীয় সরকার বিভাগ
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়

**২২। জনসচেতনতা বৃদ্ধি**

(১) পৌরসভা, পয়ঃবর্জ্য সংগ্রহ, অপসারণ, পরিবহন এবং পৌরসভা কর্তৃক নির্ধারিত স্থানে উহা পরিশোধন ও নিষ্কাশন বা ফেলা এবং ক্ষেত্রমত পরিশোধিত দ্রব্য পুনঃব্যবহারসহ পয়ঃবর্জ্য ব্যবস্থাপনার সামগ্রিক বিষয়ে জনসাধারণের সচেতনতা বৃদ্ধির ব্যাপারে প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করিবে।

(২) সচেতনতা বৃদ্ধির উদ্দেশ্যে, পৌরসভা সরকারি, বেসরকারি, শিক্ষা, সামাজিক, সাংস্কৃতিক প্রতিষ্ঠান, সুশীল সমাজের প্রতিনিধিসহ সংশ্লিষ্ট অংশীজনের সহায়তা গ্রহণ করিতে পারিবে।

(৩) জন সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে 'স্থানীয় সরকার (পৌরসভা) আইন, ২০০৯ এবং স্যানিটেশন ব্যবস্থাপনা নির্দেশিকা-২০২৩ এর বিধিবিধান লঙ্ঘন শাস্তিযোগ্য অপরাধ বলিয়া বিবেচিত হইবে' বলিয়া উল্লেখপূর্বক পৌরসভা সংশ্লিষ্ট স্থাপনার দৃশ্যমান জায়গায় নোটিশ/সতর্কতামূলক নির্দেশনা প্রদর্শন করিবে।

(৪) পৌরসভার উদ্যোগে, সরকারের মন্ত্রণালয়, গবেষণা প্রতিষ্ঠান এবং উন্নয়ন সহযোগীদের সহায়তায়, আন্তর্জাতিক/দেশীয় বেসরকারী সংস্থা (I/NGO), কমিউনিটি ভিত্তিক সংগঠন (CBO)-সমূহ পয়ঃবর্জ্য ব্যবস্থাপনা সেবার উপর জন সচেতনতা বৃদ্ধিতে ভূমিকা পালন করিতে পারিবে এবং প্রাইভেট সেক্টরসহ অন্যান্য স্টেকহোল্ডারদের মধ্যে অংশীদারিত্ব স্থাপনে সহায়তা করিতে পারিবে।

(৫) সুশীল সমাজ সংগঠন (CSO), প্রিন্ট, ইলেকট্রনিক এবং সামাজিক যোগাযোগ মাধ্যম ব্যবহার করিয়া পয়ঃবর্জ্য ব্যবস্থাপনা বিষয়ে জনগোষ্ঠীকে অবহিত করিতে পৌরসভা প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করিবে।

**২৩। মাষ্টার প্ল্যান ও কর্ম পরিকল্পনা:**

(১) পয়ঃবর্জ্য ব্যবস্থাপনা সেবা বাস্তবায়নের জন্য পৌরসভা উহার মাষ্টার প্ল্যানে পরিশোধনাগারসহ প্রয়োজনীয় অবকাঠামো নির্মাণের বিষয়টিকে অন্তর্ভুক্ত করিবার বিষয়ে ব্যবস্থা গ্রহণ করিবে।

(২) স্থানীয় সরকার বিভাগ, উন্নয়ন সহযোগী এবং আন্তর্জাতিক/দেশীয় বেসরকারী সংস্থার সহায়তায়, সমগ্র পৌর এলাকায় স্যানিটেশন সেবা বাস্তবায়নের উদ্দেশ্যে পৌরসভা একটি 'শহরব্যাপী অন্তর্ভুক্তমূলক (Inclusive) স্যানিটেশন' (CWIS) প্লান প্রণয়ন ও বাস্তবায়নের ব্যবস্থা গ্রহণ করিবে। এই প্লানের মধ্যে পৌরসভার বর্তমান স্যানিটেশন অবস্থার বিস্তারিত মূল্যায়ন অন্তর্ভূক্ত থাকিবে, যেমন- স্যানিটেশন সেবা প্রদানের সুবিধার্থে পয়ঃবর্জ্যের পরিমাণ, বর্তমান আর্থিক ও প্রাতিষ্ঠানিক স্বক্ষমতা নিরূপণ এবং স্যানিটেশন সেবা প্রদান বাস্তবায়ন করিবার জন্য বর্তমান ও সম্ভাব্য সম্পদের পরিমাণ নিরূপণ। ইহা ছাড়া এই প্লানের আওতায় একটি কর্মপরিকল্পনাও অন্তর্ভূক্ত থাকিবে যাহার মধ্যে এই প্লান বাস্তবায়নের জন্য জনগণের সচেতনতা বৃদ্ধি, সেবা প্রদানকারী (Private Operator)-র সক্ষমতা উন্নয়ন ও পয়ঃবর্জ্য পরিশোধন ও পুনঃব্যবহার অন্তর্ভূক্ত থাকিবে। উক্ত প্লানের আওতায় উন্নত গৃহস্থালী টয়লেটের নকশা, অপসারণ/খালিকরণ (Desluding/emptying) পরিবহনের বিবরণ, সমন্বিত পয়ঃবর্জ্য শোধনাগারের নকশার ধরণ, ব্যয় প্রাক্কলন ইত্যাদির কারিগরী বিবরণ থাকিবে হইবে ও এতদসংক্রান্ত ব্যবসায়িক কাঠামো (Business Model) অন্তর্ভূক্ত থাকিবে।

(৩) পৌরসভা পৌর এলাকার সকল বস্তিবাসী ও দরিদ্র জনগণের জন্য একটি স্যানিটেশন কর্মপরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়নের ব্যবস্থা গ্রহণ করিবে।

## সপ্তম অধ্যায়

## পাবলিক টয়লেট, কমিউনিটি টয়লেট স্থাপন ও ব্যবস্থাপনা
## (Public Toilet, Community Toilet Construction & Management)

**২৪। পাবলিক টয়লেট স্থাপন ও ব্যবস্থাপনা:**

(১) পৌরসভা উহার এখতিয়ারাধীন এলাকায়, বাংলাদেশ ন্যাশনাল বিল্ডিং কোড-এর বিধানাবলী ও পৌরসভা কর্তৃক স্বীকৃত প্রকৌশল মানদন্ড অনুসরণক্রমে, পাবলিক প্লেসে (পৌরসভা কর্তৃক নির্ধারিত স্থানে)

মোঃ আব্দুর রহমান
উপসচিব
স্থানীয় সরকার বিভাগ
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়

অনসাইট স্যানিটেশন ব্যবস্থা সম্বলিত প্রয়োজনীয় সংখ্যক পাবলিক টয়লেট (ন্যূনতম প্রতি ৫০০ জনের জন্য ১টি টয়লেট) স্থাপন বা নির্মাণ করিতে পারিবে এবং উক্তরূপ পাবলিক টয়লেট সংস্থাপনের ক্ষেত্রে পৌরসভা, প্রয়োজনে অন্য কোন উন্নয়ন সহযোগী সংস্থার সহায়তা গ্রহণ করিতে পারিবে বা পাবলিক প্রাইভেট পার্টনারশিপ-এর মাধ্যমে নির্মাণ করিতে পারিবে।

(২) পৌরসভা উহার পাবলিক টয়লেট পরিচালনা বা ব্যবস্থাপনা ও রক্ষণাবেক্ষণের জন্য কমিটি গঠন করিবে। পাবলিক টয়লেট পরিচালনা বা ব্যবস্থাপনা ও রক্ষণাবেক্ষণের জন্য গঠিত কমিটিতে সংশ্লিষ্ট ওয়ার্ডের ওয়ার্ড কমিশনার উদ্যোগ গ্রহণ করিবেন এবং উক্ত কমিটি পৌর মেয়র কর্তৃক অনুমোদিত হইবে। পাবলিক টয়লেট স্থাপন বা নির্মাণ, টয়লেট পরিচালনা বা ব্যবস্থাপনা ও রক্ষণাবেক্ষণের জন্য এ সংক্রান্ত কোন আইন ও বিধি-বিধান থাকিলে তাহা অনুসরণ করিতে হইবে। পৌরসভা এই সংক্রান্ত বিষয়ে গাইডলাইন বা অনুসরণীয় নিদের্শনাবলী প্রণয়ন ও জারী করিবে।

(৩) উপ-অনুচ্ছেদ (১) এর অধীন কোন পাবলিক টয়লেট স্থাপন বা নির্মাণ করা হইলে পৌরসভা উক্ত টয়লেট এর রক্ষণাবেক্ষণ, ব্যবস্থাপনা ও পরিচালনা অনসাইট স্যানিটেশন ব্যবস্থা হইতে পয়ঃবর্জ্য সংগ্রহ, অপসারণ, পরিবহন ও নিষ্কাশন বা ফেলিবার ব্যবস্থা করিবে।

(৪) পৌরসভা কর্তৃক স্থাপিত পাবলিক টয়লেট পরিচালনা বা ব্যবস্থাপনা ও রক্ষণাবেক্ষণের জন্য পৌরসভা, তৎকর্তৃক নির্ধারিত পদ্ধতিতে, কোন ব্যক্তি বা কোন বেসরকারি প্রতিষ্ঠান বা দেশীয় বেসরকারী সংস্থা (NGO) বা কমিউনিটি ভিত্তিক সংগঠন (CBO) বা স্বনির্ভর মহিলা সংগঠন (Women's Self Help Group) এর নিকট ইজারা প্রদান করিতে পারিবে বা পৌরসভা তৎকর্তৃক এতদউদ্দেশ্যে গঠিত কোন কমিটির মাধ্যমে উহা পরিচালনা ও রক্ষণাবেক্ষণ করিতে পারিবে। উল্লেখ্য যে, ইজারাপ্রাপ্ত ব্যক্তি বা প্রতিষ্ঠান বা গঠিত কমিটি পৌরসভা কর্তৃক সময় সময়, জারীকৃত গাইডলাইন অনুযায়ী পাবলিক টয়লেট পরিচালনা ও রক্ষণাবেক্ষণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করিবে। সেবার মান নিশ্চিত করিবার লক্ষ্যে পৌরসভা নির্দেশনা প্রদান করিবে এবং পাবলিক টয়লেট পরিচালনা ও রক্ষণাবেক্ষণের কাজসমূহ তদারকি/ নজরদারি (monitoring) করিবে।

(৫) পৌরসভা কর্তৃক নির্ধারিত পাবলিক প্লেসে স্থাপিত বা নির্মিত প্রত্যেক পাবলিক -

(ক) টয়লেট পৌরসভা কর্তৃক নির্ধারিত সময় পর্যন্ত সংশ্লিষ্ট সকলের ব্যবহারের জন্য খোলা রাখিতে হইবে;

(খ) টয়লেটে চলমান পানি, সাবান, স্যান্ডেল, র‍্যাক, বাকেট, সেলফ, টয়লেট পেপার -এর সংস্থান রাখিতে হইবে; ইহাতে অনুমোদিত নকশা অনুযায়ী পয়ঃনিষ্কাশন ও পানি নিষ্কাশনসহ সকল প্লাম্বিং (Plumbing) ব্যবস্থা, পর্যাপ্ত আলো বাতাস প্রবাহের (Ventilation) জন্য সকল দরজা, জানালা ব্যবহার উপযোগী ও সচল রাখাসহ যথাযথ রক্ষণাবেক্ষণ ও নিয়মিত পরিষ্কার পরিচ্ছন্ন রাখিবার ব্যবস্থা করিতে হইবে। দুর্গন্ধ দূরিকরণে ব্লিচিং পাউডার ব্যবহার বা অনুরূপ ব্যবস্থা করিতে হইবে;

(গ) টয়লেটে প্রয়োজন অনুসারে গোসলের ব্যবস্থা রাখিতে হইবে;

(ঘ) টয়লেট এর যথাযথ নিরাপত্তার ব্যবস্থা গ্রহণ করিতে হইবে;

(ঙ) টয়লেটে মহিলা ও শিশু বান্ধব ব্যবস্থা এবং মহিলা ব্যবহারকারীর জন্য MHM (Manustral Hygiene Management) ব্যবস্থাসহ প্রয়োজনীয় সুবিধাদি নিশ্চিত করিতে হইবে;

(চ) টয়লেটে প্রতিবন্ধী ব্যক্তির সহজ ব্যবহার নিশ্চিত করিতে হইবে।

(৬) পৌরসভা সময় সময়, প্রত্যেক পাবলিক টয়লেট পরিচালনা ও রক্ষণাবেক্ষণ ব্যয় মিটানোর লক্ষ্যে, ব্যবহারকারীর জন্য সর্বাধিক (Maximum) সেবা মূল্য বা ব্যবহার ফি নির্ধারণ করিবে।

(৭) পাবলিক টয়লেটের ব্যবহার ফি নির্ধারণের ক্ষেত্রে পৌরসভা উক্ত টয়লেটের অবস্থান, ব্যবহারকারীর সংখ্যা, ব্যবস্থাপনা ব্যয় ও আনুষঙ্গিক অন্যান্য বিষয়াদি বিবেচনা করিবে।

(৮) কোন ব্যক্তি বা প্রতিষ্ঠান কোন ক্রমেই পৌরসভা কর্তৃক নির্ধারিত ফি এর অতিরিক্ত কোন অর্থ আদায় করিতে পারিবে না।

(৯) পৌরসভা পাবলিক টয়লেট এর ব্যবহার ফি এর তালিকা উহার দৃষ্টি গ্রাহ্য স্থানে প্রদর্শনের ব্যবস্থা করিবে।

মোঃ আব্দুর রহমান
উপসচিব
স্থানীয় সরকার বিভাগ
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়

(১০) পৌরসভার আওতাধীন এলাকার প্রত্যেক শিক্ষা প্রতিষ্ঠান, সরকারি বা বেসরকারি প্রতিষ্ঠান ও অনুরূপ অন্যান্য প্রতিষ্ঠানে প্রয়োজনীয় সংখ্যক টয়লেট বা ল্যাট্রিন এর ব্যবস্থা রাখিতে হইবে, এবং সংশ্লিষ্ট প্রতিষ্ঠান নিজ খরচে উক্ত ল্যাট্রিন বা টয়লেট এর পরিচালনা ও রক্ষণাবেক্ষণসহ তৎসংশ্লিষ্ট সেপটিক ট্যাংক হইতে পয়ঃবর্জ্য অপসারণের ব্যবস্থা করিবে।

**ব্যাখ্যা**– এই অনুচ্ছেদের উদ্দেশ্য পূরণকল্পে, "পাবলিক প্লেস" অর্থ পৌরসভা এলাকার জনসাধারণ কর্তৃক ব্যবহৃত কোন উন্মুক্ত স্থান, মার্কেট, পাবলিক বিল্ডিং, সরকারি রাস্তা, ফুটপাত, এভিনিউ বা স্কয়ার। বাস টার্মিনাল, পেট্রোল পাম্প, পাবলিক পার্ক, বাগান, হাট-বাজার, শিক্ষা প্রতিষ্ঠানও এর অন্তর্ভুক্ত হইবে।

**২৫। বস্তিবাসীদের জন্য কমিউনিটি টয়লেট সম্বলিত স্যানিটেশন ব্যবস্থা স্থাপন ইত্যাদি:**

(১) পৌরসভা উহার এখতিয়ারাধীন এলাকায় স্বয়ং বা প্রয়োজনে অন্যান্য উন্নয়ন সহযোগী সংস্থার সহায়তায় বাংলাদেশ ন্যাশনাল বিল্ডিং কোডের বিধান এবং পৌরসভা কর্তৃক স্বীকৃত প্রকৌশল মানদন্ড অনুসরণক্রমে, অগ্রাধিকারের ভিত্তিতে, বস্তিবাসী বা দরিদ্র কমিউনিটির (Low Income Community-LIC) জন্য প্রয়োজন অনুযায়ী পৌরসভা কর্তৃক নির্ধারিত স্থানে দুই পিট সম্বলিত সেপটিক ট্যাংক বা অন্য কোন ব্যবস্থাসহ (যেমন, Anaerobic Baffled Reactor, ABR) প্রয়োজনীয় সংখ্যক কমিউনিটি টয়লেট ও স্যানিটেশন ব্যবস্থা স্থাপন করিবে।

(২) কমিউনিটি টয়লেট এমনিভাবে নির্মাণ করিতে হইবে যাহাতে উহা নারী, শিশু, বৃদ্ধ ও প্রতিবন্ধী ব্যক্তির ব্যবহারের উপযোগী হয়।

(৩) উপ-অনুচ্ছেদ (১) এর অধীন স্থাপিত কমিউনিটি টয়লেট ও স্যানিটেশন ব্যবস্থার সকল কার্যক্রম উহার ব্যবহারকারী পরিবারের আর্থিক অংশগ্রহণের ভিত্তিতে-ব্যবহারকারীদের মধ্য হইতে এতদউদ্দেশ্যে গঠিত কমিটির মাধ্যমে পরিচালিত হইবে।

(৪) উপ-অনুচ্ছেদ (৩) এর অধীন গঠিত কমিটি উক্তরূপ কমিউনিটি টয়লেট ও স্যানিটেশন ব্যবস্থার নিরাপদ ব্যবহার এবং উহার ব্যবস্থাপনা ও রক্ষণাবেক্ষণ করিবে।

(৫) পৌরসভা উক্ত কমিউনিটি টয়লেট ও স্যানিটেশন ব্যবস্থার সহিত সংশ্লিষ্ট সেপটিক ট্যাংক বা ABR হইতে এই নির্দেশিকার বিধি-বিধান অনুসরণক্রমে পয়ঃবর্জ্য সংগ্রহ ও অপসারণের ব্যবস্থা করিবে।

(৬) পানি সরবরাহ নেটওয়ার্ক ব্যবস্থা থাকা সাপেক্ষে পৌরসভা তৎকর্তৃক স্থাপিত কমিউনিটি টয়লেট ও স্যানিটেশন ব্যবস্থায় প্রবাহমান পানির সংযোগ প্রদানের ব্যবস্থা করিবে এবং ব্যবহারকারীদের মধ্য হইতে গঠিত কমিটি উক্ত টয়লেটে ব্যবহারের জন্য প্রয়োজনীয় সাবান বা ডিটারজেন্ট রাখার ব্যবস্থা করিবে।

(৭) ব্যক্তি মালিকানাধীন জমিতে গড়িয়া উঠা বস্তির মালিক, তত্ত্বাবধায়ক ও দখলদারের দায়িত্ব হইবে উক্ত জমিতে অবস্থিত কমিউনিটি টয়লেট নির্মাণ ও এর রক্ষণাবেক্ষণ করা।

## অষ্টম অধ্যায়
## প্রশাসনিক বিষয়াদি
## (Administrative Matters)

**২৬। গাইডলাইন প্রণয়ন ও পৌরসভার দায়িত্ব:**

(১) এই নির্দেশিকার বিধানাবলী বাস্তবায়নের উদ্দেশ্যে পৌরসভা পয়ঃবর্জ্য ব্যবস্থাপনা কাজে পরিবেশে মলমূত্র ছড়িয়ে পড়া রোধকল্পে গাইডলাইন, পাবলিক টয়লেট পরিচালনা ও রক্ষণাবেক্ষণসহ আনুষঙ্গিক অন্যান্য বিষয়ে গাইডলাইন বা অনুসরণীয় নির্দেশনাবলী প্রণয়ন ও জারী করিতে পারিবে।

(২) এই নির্দেশিকার উদ্দেশ্য পূরণকল্পে, পৌরসভা, অন্যান্য দায়িত্বের মধ্যে, নিম্নরূপ দায়িত্ব পালন করিবে, যথা:

(ক) পয়ঃবর্জ্য ব্যবস্থাপনা সেবা সম্পর্কিত পরিকল্পনা প্রণয়ন ও উহার বাস্তবায়ন তদারকি করা;

(খ) পয়ঃবর্জ্য ব্যবস্থাপনার সহিত সংশ্লিষ্ট সকল ব্যক্তির প্রশিক্ষণের ব্যবস্থা করা;

মোঃ আব্দুর রহমান
উপসচিব
স্থানীয় সরকার বিভাগ
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়

(গ) পয়ঃবর্জ্য ব্যবস্থাপনার সামগ্রিক তথ্য সম্বলিত তথ্য ভান্ডার তৈরি করা;

(ঘ) পয়ঃবর্জ্য ব্যবস্থাপনা সেবার সহিত নিয়োজিত স্যানিটেশন কর্মীদের স্বাস্থ্য ও নিরাপত্তার জন্য গাইড লাইন প্রণয়ন ও উহার বাস্তবায়ন নিশ্চিত করা;

(ঙ) পয়ঃবর্জ্য ব্যবস্থাপনা সেবায় নিয়োজিত অপারেটর লাইসেন্স প্রদান এবং লাইসেন্সের আবেদন ফি নির্ধারণ;

(চ) ভ্যাকুয়াম ট্যাংকার ও পয়ঃবর্জ্য পরিবহনের কাজে নিয়োজিত অন্যান্য পরিবহন যানের অনুমোদন প্রদান;

(ছ) পয়ঃবর্জ্য নিষ্কাশন বা ফেলিবার স্থান নির্ধারণ;

(জ) পয়ঃবর্জ্য ব্যবস্থাপনা সেবা পাইবার ফিস নির্ধারণ;

(ঝ) পয়ঃবর্জ্য পরিশোধন অবকাঠামো নির্মাণ ও উহার রক্ষণাবেক্ষণ ব্যবস্থাপনা;

(ঞ) বিজ্ঞানসম্মত উপায়ে টয়লেট/ ল্যাট্রিন/ স্যানিটেশন ব্যবস্থাদি ব্যবহারের ক্ষেত্রে ব্যবহারকারীদের সচেতনতা বৃদ্ধিকরণ;

(ট) বস্তিবাসীর জন্য নিরাপদ স্যানিটেশন ব্যবস্থাদি নির্মাণ ও রক্ষণাবেক্ষণ এবং উক্ত ব্যবস্থা হইতে পয়ঃবর্জ্য অপসারণ;

(ঠ) কোন বাড়ি বা ভবনের সেপটিক ট্যাংক, পিট ল্যাট্রিন ও অনসাইট স্যানিটেশন ব্যবস্থাদি হইতে পয়ঃবর্জ্য সংগ্রহ, অপসারণ, পরিবহন ও উহার তৎকর্তৃক নির্ধারিত স্থানে নিষ্কাশন বা ফেলিবার ব্যবস্থা গ্রহণ;

(ড) পরিশোধিত পয়ঃবর্জ্য ব্যবহার ও পুনঃব্যবহার করিবার ক্ষেত্রে ব্যবহারকারীদের সচেতনতা বৃদ্ধিকরণ।

**২৭। বাড়ি, ভবন বা প্রতিষ্ঠানের মালিক, তত্ত্বাবধায়ক বা দখলদারের দায়িত্ব।**

এই নির্দেশিকার উদ্দেশ্য পূরণকল্পে, প্রত্যেক বাড়ি বা ভবন মালিক, তত্ত্বাবধায়ক বা দখলদারের দায়িত্ব হইবে নিম্নরূপ, যথা:

(ক) এই নির্দেশিকার বিধান অনুসারে যথা সময়ে বা পৌরসভা কর্তৃক নির্ধারিত সময়ে ও নির্ধারিত পদ্ধতিতে আবেদনের মাধ্যমে (তফসিল-১ এর ফরম ১ক, ১খ, ১গ ও ১ঘ) সেপটিক ট্যাংক, পিট ল্যাট্রিন ও অনসাইট স্যানিটেশন ব্যবস্থার পয়ঃবর্জ্য অপসারণ বা পরিষ্কার করিবার ব্যবস্থা গ্রহণ;

(খ) পৌরসভা কর্তৃক নির্ধারিত পদ্ধতিতে আবেদনের মাধ্যমে (তফসিল-১ এর ফরম) সেপটিক ট্যাংক, সোকপিট, ল্যাট্রিন ও অনসাইট স্যানিটেশন ব্যবস্থা নির্মাণ করা;

(গ) বাড়ি বা ভবন নির্মাণের অনুমোদিত নকশা অনুযায়ী সেপটিক ট্যাংক নির্মাণ ও রক্ষণাবেক্ষণ করা;

(ঘ) স্যানিটেশন সুবিধা পরিদর্শন কাজে পৌরসভার ক্ষমতাপ্রাপ্ত কর্মকর্তাকে সহায়তা প্রদান;

(ঙ) সেপটিক ট্যাংক ও পিট ল্যাট্রিন পরিষ্কারের কাজে নিয়োজিত কর্মীর ব্যক্তিগত নিরাপত্তার ব্যবস্থা করা;

(চ) পয়ঃবর্জ্য সংগ্রহ, অপসারণ ও পরিবহনের জন্য পৌরসভা কর্তৃক, সময় সময়, নির্ধারিত ফিস পরিশোধ;

(ছ) বিজ্ঞানসম্মতভাবে টয়লেট/ল্যাট্রিন/স্যানিটেশন ব্যবস্থাদির ব্যবহার নিশ্চিতকরণ;

(জ) পরিবেশের দূষণ রোধকল্পে, স্যানিটেশন ব্যবস্থাদির নিয়মিত রক্ষণাবেক্ষণ।

(ঝ) নিরাপদ স্যানিটেশন ব্যবস্থা নিশ্চিত করিবার জন্য বাংলাদেশ ন্যাশনাল বিল্ডিং কোড, পৌরসভা আইন ইত্যাদি সংক্রান্ত বিধানাবলী পালনের প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ এবং প্রয়োজনে টিএলসিসিতে শিক্ষা বিভাগের প্রতিনিধি অন্তর্ভুক্তকরণ এবং প্রতিষ্ঠান পর্যায়ে সংশ্লিষ্ট অংশীজনের সমন্বয়ে এতদসংক্রান্ত উপ-কমিটি গঠনক্রমে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ।

(ঞ) বেসরকারি বস্তির মালিকগণ ল্যাট্রিন/স্যানিটেশন অবকাঠামো রক্ষণাবেক্ষণের দায়িত্ব পালন করিবে।

**২৮। প্রশাসন ও বাস্তবায়ন:**

(১) এই নির্দেশিকার বিধানাবলী বাস্তবায়নের দায়িত্ব পৌরসভার মেয়র/ প্রধান নির্বাহী কর্মকর্তা/পৌর নির্বাহী কর্মকর্তা, পৌরসভা কর্তৃক ক্ষমতাপ্রাপ্ত নির্বাহী প্রকৌশলী বা পৌরসভার জ্যেষ্ঠ কর্মকর্তার উপর ন্যস্ত থাকিবে।

মোঃ আব্দুর রহমান
উপসচিব
স্থানীয় সরকার বিভাগ
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়

(২) স্থানীয় সরকার (পৌরসভা) আইন, ২০০৯ এর ধারা ১১৪, এবং পয়ঃবর্জ্য ব্যবস্থাপনার প্রাতিষ্ঠানিক এবং আইনি কাঠামো (IRF-FSM) ২০১৭, এর আলোকে পৌরসভা জরিমানা আরোপ করিতে পারিবে।

(৩) পৌরসভা সময় সময় পয়ঃবর্জ্য ব্যবস্থাপনা সেবা প্রদানের নিমিত্তে উক্ত সেবা ব্যবহারকারী ফি আরোপ করিবে।

**২৯। পরিদর্শনের বিশেষ ক্ষমতা:**

এই নির্দেশিকার সুষ্ঠু বাস্তবায়নের উদ্দেশ্যে, পৌরসভা বা তৎকর্তৃক ক্ষমতাপ্রাপ্ত কর্মকর্তা পৌরসভার এলাকাধীন বাড়ি বা ভবন ও উহাদের আঙ্গিনা বা প্রাঙ্গন, পাবলিক টয়লেট, কমিউনিটি টয়লেট পরিচালনা ও রক্ষণাবেক্ষণ ব্যবস্থাপনা, ভ্যাকুয়াম ট্যাংকার বা পয়ঃবর্জ্য পরিবহন যান ও পয়ঃবর্জ্য ব্যবস্থাপনা সেবা পরিচালনার সুবিধাদি পৌরসভা কর্তৃক প্রণীত চেকলিষ্টের মাধ্যমে পরিদর্শন ও পরীক্ষা করিবে।

৩০। স্থানীয় সরকার বিভাগ এই নির্দেশিকা সংশোধন, পরিবর্তন বা বাতিল করিতে পারিবে।

মোঃ আব্দুর রহমান
উপসচিব
স্থানীয় সরকার বিভাগ
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়

# তফসিল-১

## ফরম ১ক

(নির্দেশিকার **২৭ (ক) দ্রষ্টব্য** )

### ট্যাংক/ পিট পরিষ্কারের জন্য আবেদন পত্রের নমুনা

বরাবর,
**মেয়র**
........................................................পৌরসভা ............................।

**বিষয়:** সেপটিক ট্যাংক / পিট পরিষ্কারের জন্য আবেদন।

জনাব,
যথাবিহিত সম্মান প্রদর্শনপূর্বক বিনীত নিবেদন এই যে, আমি আপনার পৌর এলাকা/প্রস্তাবিত এলাকার বাসিন্দা। আমার বাড়ির ব্যবহৃত পায়খানার সেপটিক ট্যাংক/ পিট ভরিয়া গিয়াছে। পরিষ্কার করা বিশেষ প্রয়োজন।

অতএব, মহোদয়ের নিকট আমার আকুল আবেদন এই যে, উক্ত ট্যাংক পরিষ্কারের লক্ষ্যে ব্যবস্থা গ্রহণ করিতে সদয় মর্জি হয়।

**বিনীত নিবেদক**

তাং / /২০.... ইং

**নাম** :
**পিতার নাম** :
**মাতার নাম** :
**হোল্ডিং নং** :
**রাস্তার নাম** :

**মোবাইল নং** :

মোঃ আব্দুর রহমান
উপসচিব
স্থানীয় সরকার বিভাগ
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়

# ফরম ১খ

## (নির্দেশিকার **২৭ (ক) দ্রষ্টব্য** )

## সেপটিক ট্যাংক/পিট পরিষ্কারের জন্য আবেদন ফরম

**মুল্য: ২০/-**

.............. পৌরসভা কার্যালয় ...............

আবেদন পত্র নং-

বরাবর,

মেয়র

............................................. পৌরসভা জেলা: ...............

**বিষয়ঃ সেপটিক ট্যাংক/পিট পরিষ্কারের জন্য আবেদন।**

জনাব,

বিনীত নিবেদন এই যে, আমি আপনার পৌর এলাকার ......... নং ওয়ার্ডের ............ পাড়া/মহল্লার বাসিন্দা। আমার বাড়ির/প্রতিষ্ঠানের ব্যবহৃত সেপটিক ট্যাংক /পিট পরিষ্কার করা প্রয়োজন। এ বিষয়ে বিস্তারিত তথ্য নিম্নরূপঃ

নাম:.......................................................................

হোল্ডিং নম্বর:...................... রোড:..................... পাড়া/এলাকা:...............

ওয়ার্ড নম্বর:.................... ফোন:.................. মোবাইল নম্বর:...............

বিল্ডিং ব্যবহারের ধরণ: ১. আবাসিক ২. বাণিজ্যিক ৩. শিল্প ৪. অফিস ৫. শিক্ষা ৬. ধর্মীয়

যেটি পরিষ্কার করাতে চাই: সেপটিক ট্যাংক ☐ পিট ☐

**সেপটিক ট্যাংকের বিবরণ**

দৈর্ঘ্য:.......................ফুট

প্রস্থ:.......................ফুট

গভীরতা:.......................ফুট

**পিটের বিবরণ**

পিটের সংখ্যা:..................ফুট পিটের

ব্যাস:........................ফুট

গভীরতা:.....................ফুট বা প্রতি পিটে রিংয়ের সংখ্যা:

সেপ্টিক ট্যাংক বা পিটটি কতজন ব্যবহার করে? .................জন

ইতোপূর্বে কবে পরিষ্কার করা হয়েছে? ..............তারিখ ...........মাস ..............বছর। : মনে নাই/জানি না।

তারিখ: ..............

আবেদনকারীর স্বাক্ষর

মোঃ আব্দুর রহমান
উপসচিব
স্থানীয় সরকার বিভাগ
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়

# ফরম ১গ

## (নির্দেশিকার **২৭ (ক) দ্রষ্টব্য** )

## সেপ্টিক ট্যাংক/ পিট এ্যাসেসমেন্ট ফর্ম

……………. পৌরসভা, ……………..

আবেদন পত্র নং………………..

সেপ্টিক ট্যাংক/পিট এ্যাসেসমেন্ট ফর্ম

আবেদনকারীর নাম:………………………………………………………………………

হোল্ডিং নম্বর:……………….. রোড: ………………………………………………………

ওয়ার্ড নং:………., ……..; মোবইল ফোন:…………………………………………………

টাইপ: সেপ্টিক ট্যাংক ☐ পিট ☐

কোন ধরনের ভ্যাকুটাগ প্রবেশযোগ্য ১. এক হাজার লিঃ ২. চার হাজার লিঃ

৩. সাত হাজার লিঃ ৪. কোনটিই নয়

রাস্তা থেকে সেপ্টিক ট্যাংক/পিট এর দূরত্ব: ………………… ফুট

| <u>**সেপটিক ট্যাংকের বিবরণ**</u> | <u>**পিটের বিবরণ**</u> |
|---|---|
| দৈর্ঘ্য:………………….ফুট | পিটের সংখ্যা:……………..ফুট |
| প্রস্থ:………………….ফুট | পিটের ব্যাস:…………………ফুট |
| গভীরতা:………………ফুট | গভীরতা:………………ফুট বা প্রতি পিটে রিং: ………….টি |

মোট আয়তন: ……………………………………….ঘনফুট [৩৫ ঘনফুট = ১০০০ লিঃ)

কতটি ট্রিপ এর প্রয়োজন হতে পারে? ………………………………………………টি

কতটুকু খালি করতে চায়: ………………..ট্রিপ বা ………………………………….রিং

অগ্রিম: টাকা……….. …………..প্রদান করেছে।

---

সুপারিশ করা হল/হল না: অনুমোদন করা হল:

স্বাক্ষর স্বাক্ষর

তারিখ:…………….. তারিখ:……………..

মোঃ আব্দুর রহমান
উপসচিব
স্থানীয় সরকার বিভাগ
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়

**ফরম ১ঘ**

(নির্দেশিকার **২৭ (ক) দ্রষ্টব্য )**

**কাস্টমারের মতামত গ্রহণ ফর্ম**

......... পৌরসভা, ........

আবেদন পত্র নং................

**কাস্টমারের মতামত গ্রহণ ফর্ম**

আবেদনকারীর নাম:.......................................................................

হোল্ডিং নম্বর:............................ রোড: ....................................

পাড়া/এলাকা: ...............................................................................

ওয়ার্ড নং:.............................., ; ফোন:...........................................

পরিষ্কারের তারিখ: .........................................................................

কোন সাইজের ভ্যাকুটাগ ব্যবহার হয়েছে ১. এক হাজার লিঃ ২. চার হাজার লিঃ

৩. সাত হাজার লিঃ ৪. কোনটিই নয়

মোট কত ট্রিপ (১০০০ লিঃ) পরিষ্কার করেছে? ...........................................ট্রিপ

সম্পূর্ণ ট্যাংক/পিট কি পরিষ্কার করেছে? হ্যাঁ ☐ না ☐

না হলে, কেন? ...............................................................................

ভ্যাকুটাগ আসার পর থেকে কত সময় লেগেছে? ..........................................ঘন্টা

কখন পরিষ্কার করেছে? দিন/রাত ......................টা থেকে ......................টা পর্যন্ত

পরিষ্কার করার সময় উপযুক্ত ছিল? হ্যাঁ ☐ না ☐

উত্তর না হলে কেন?.........................................................................................

সংগৃহীত মল কোথায় ফেলেছে? ১...........................................

২. জানি না

রসিদের মাধ্যমে কত টাকা প্রদান করেছেন?

...........................................টাকা

প্রাপ্তসেবা সম্পর্কে আপনার সার্বিক মূল্যায়ন (∞ দিন):

| সম্পূর্ণ অসন্তুষ্ট | কিছুটা অসন্তুষ্ট | মোটামুটি সন্তুষ্ট | সম্পূর্ণ সন্তুষ্ট |
|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) |

অসন্তুষ্ট হলে কারণ ...................................................................

সুপারিশ (যদি থাকে) ...................................................................

কাস্টমারের স্বাক্ষর ........................................

তারিখঃ.....................

মোঃ আব্দুর রহমান
উপসচিব
স্থানীয় সরকার বিভাগ
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়

**ফরম ১৬**

ভ্যাকুয়াম ট্যাংকার লগ বই

| লগ বই নং | তারিখ | ভ্যাকুটাগ নং | আউট টাইম | ইন টাইম | সর্বমোট কিলোমিটার | জ্বালানী খরচ | মিটার রিডিং | মেরামত খরচ | স্বাক্ষর |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | | |
| | | | | | | | | | |
| | | | | | | | | | |
| | | | | | | | | | |
| | | | | | | | | | |
| | | | | | | | | | |
| | | | | | | | | | |
| | | | | | | | | | |
| | | | | | | | | | |
| | | | | | | | | | |

মোঃ আব্দুর রহমান
উপসচিব
স্থানীয় সরকার বিভাগ
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়